কঠিননামক টিকরবিষয়ে এবং সিংহের বিষয়ে এবং রক্তপা তক এবং ছিন্নবিচ্ছিন্নকারী এবং ভদ্রঘ্ন প্রভৃতি তিন বীরবিষ য়ে আমাকে কহিয়াদিলেন। তাঁহারা আরো কহিলেন যে নম্রনামক তলীতে এক দুর্জন পিশাচ গমনাগমন করে এবং খ্রীষ্টীয়ান তৎপিশাচকর্তৃক প্রায় প্রাণ হারাইয়াছিল তদ্ভিন্ন তাঁ হারা কহিলেন যে ভূত প্রেত নিবাস স্থানে বিশেষতঃ যেস্থানে আলোই অন্ধকার এবং যে স্থানে পথ আপদেতে এবং গর্ত্তে তে এবং ফাঁদ ইত্যাদিতে পরিপূর্ণ এই মত যে মৃত্যুচ্ছায়ানামক তলী তোমার পার হইয়া যাইতে হইবে তদ্ভিন্ন তাঁহারা নিরাশ বীরবিষয়ে এবং সন্দেহনামক গড়বিষয়ে এবং সেই স্থানে যা ত্রিরদের যে সর্ব্বনাশ ঘটিয়াছিল তদ্বিষয়ে আমাকে কহিয়া দি লেন অধিক কি কহিব তাঁহারা কহিলেন যে অতিশয় আপদ্বিশিষ্ট মোহভূমি পার হইয়া তোমার যাইতে হইবে এবং সর্ব্বশেষে আমি সাঁকহীন এক নদীতীরে পহুঁছিব এবং ঐ নদী আমার এবং স্বর্গীয়রাজধানীর মধ্যস্থানে অবস্থিতি করে।

তাহা শুনিয়া বৃহচ্চিত্তমহাশয় জিজ্ঞাসিলেন ইহা কি তাবৎ।

তাহাতে বীর্য্যপ্রকাশক মহাশয় কহিলেন না না তদ্ভিন্ন তাঁহা রা আমাকে কহিলেন যে ঐ পথ ভ্রামকেতে এবং আত্মপথ হইতে ভদ্রলোকেরদিগকে পরাবৃত্ত করণে চেষ্টাকারিলোকেতেও পরিপূর্ণ।

পরে বৃহচ্চিত্ত জিজ্ঞাসিলেন কিন্তু তাহারা তাহা কি প্রকারে অবগত ছিল।

তাহাতে বীর্য্যপ্রকাশকমহাশয় উত্তর করিলেন তাঁহারা আমা কে কহিলেন যে সংসারজ্ঞানিনামকব্যক্তি যাত্রিরদিগকে ভ্রমণা র্থে সেইস্থানে লুক্কায়িত থাকে এবং ক্রিয়াবলম্বী এবং কাল্পনিক নামে ব্যক্তিরা পথেতে সর্ব্বদা সচেতন আছে তদ্ভিন্ন তাঁহারা কহি লেন যে উপপথ এবং বাচাল বা দেমাস্‌নামে ব্যক্তিরা আমাকে

কুড়িয়া লওনার্থে সর্ব্বদা প্রস্তুত আছে এবং প্রবঞ্চক আমাকে আত্মজালে বদ্ধ করিবে বা আমি আত্ম একগুঁয়ামীপ্রযুক্ত মূর্খের সহিত স্বর্গীয়রাজধানীদ্বারপর্য্যন্ত যাইব। মূর্খনামক ঐ ব্যক্তি তদ্দ্বারহইতে পর্ব্বতপার্শ্বস্থ গর্ত্তে এবং সেই গর্ত্তহইতে উপপথ হইয়া নরকে পুনঃ প্রেরিত হইয়াছিল।

তাহা শুনিয়া বৃহচ্চিত্ত মহাশয় কহিলেন আমি নিশ্চয় কহি তোমাকে নিরাশ করণে ঐ সমস্ত বাক্য যথেষ্ট ছিল কিন্তু তাহারা কি ঐ অবধি ক্ষান্ত হইয়াছিল।

বীর্য্যপ্রকাশক মহাশয় কহিলেন না না পূর্ব্বকালে বারম্বার কথিত এবং বহুপ্রসিদ্ধ ঐশ্বর্য্যবিষয়ের কোনো লেশ দেখিতে পারে কিনা এতচ্চেষ্টায় বহু দূরগমনকারী এবং চেষ্টাকারি অনেকেরদের বিষয়ে এবং তল্লোকবাসি দেশস্থেরদের পরিতোষপূর্ব্বক তাহারা যে প্রকার ফিরিয়া আসিয়া আত্মগৃহ ছাড়িয়া ঐ পথে পাদবিক্ষেপজন্যে আপনারদিগকে ক্ষিপ্ত বলিল এমত অনেক লোকবিষয়েও কহিয়া দিলেন এবং তাঁহারা তদ্রূপাচরণকারি অনেকেরদের নামপর্য্যন্ত কহিয়া দিলেন বিশেষতঃ একগুঁয়া এবং হাবলা এবং অবিশ্বাসী এবং ভীরু এবং পরাবৃত্ত এবং বৃদ্ধনাস্তিক ইত্যাদি অনেকের নাম করিয়া কহিলেন যে ঐ ব্যক্তিরদের মধ্যে কেহ২ দর্শনসাধ্য দর্শনার্থে বহুদূর গিয়াছিল কিন্তু তত দূর গমনে তাহারদের কেহ এক পাখার মত ভারি কোনো এক লাভ প্রাপ্ত হইল না।

তাহা শুনিয়া বৃহচ্চিত্তমহাশয় জিজ্ঞাসিলেন তোমার নিরাশার্থে তাহারা কি অন্য কিছু কহিয়াছিল।

তাহাতে বীর্য্যপ্রকাশক মহাশয় কহিলেন হাঁ তাঁহারা ভয়ার্ত্ত নামক এক জন যাত্রিবিষয়ে এবং ঐ ব্যক্তির পথ এই মত মানুষ শূন্য ছিল যে তাবৎ পথে সে এক ঘড়িরও সুখ পায় নাই এতদ্বিষয়ে আমাকে কহিয়া দিলেন তদ্ভিন্ন তাঁহারা তৎপথে আহা

স্বাভাবপ্রযুক্ত ম্রিয়মাণ আশাচ্যুতনামক এক জনের বিষয় আমাকে কহিয়া দিলেন অধিক কি কহিব আমি প্রায় বিস্মৃত হইয়াছিলাম যে তাঁহারা কথিতরূপে প্রসিদ্ধ খ্রিষ্টীয়ানের বিষয়ও আমাকে কহিয়া দিলেন বিশেষতঃ স্বর্গীয় মুকুট প্রাপনার্থে তাহার তাবচ্চেষ্টার পরে সে যে প্রকারে নিশ্চয়রূপে কৃষ্ণবর্ণনামক নদীতে ডুবিয়া মরিয়া তদগ্রে এক পাদবিক্ষেপ কখনো করে নাই কিন্তু ঐ বাক্য তাঁহারা গোপনে রাখিলেন।

ঐ সমস্ত শুনিয়া বৃহচ্চিত্ত জিজ্ঞাসিলেন যে ঐ সকল বিষয়ের মধ্যে আপনাকে কি কোনো এক বিষয় নিরাশ করে নাই।

তাহাতে বীর্য্যপ্রকাশক মহাশয় কহিলেন না সে গুলিন সমস্ত আমার প্রতি ব্যর্থবিষয়বৎ বোধ হইয়া ছিল।

পরে বৃহচ্চিত্ত জিজ্ঞাসিলেন তাহা কি প্রকারে হইতে পারে।

তাহাতে বীর্য্যপ্রকাশক মহাশয় কহিলেন কি বলেন সত্যবাদি মহাশয়কর্ত্তৃক কথিত বাক্যেতে আমি চির প্রত্যয় রাখিলাম তাহাতে সর্ব্বাপদ্ হইতে উত্তীর্ণ হইলাম।

পরে বৃহচ্চিত্ত কহিলেন তবে আপনকার প্রত্যয়ই আপনকার জয়ের কারণ।

তাহাতে বীর্য্যপ্রকাশক মহাশয় কহিলেন তাই বটে বিশেষতঃ আমি প্রত্যয় করিলাম এবং তৎপ্রযুক্ত নির্গত হইয়া পথিস্থ হইলাম এবং আমার প্রতিকূলে উত্থিত তাবল্লোকেরদের সহিত যুদ্ধ করিলাম এবং প্রত্যয়দ্বারা আমি এই স্থানে আসিয়া পহুঁছিয়াছি।

বীরত্ব দর্শনে যার হইবেক মন।
তিনি এই স্থানে আসি করুন দর্শন॥
আসুক বায়ু বা বৃষ্টি দৃঢ়তর অতি।
এক জন এই স্থানে আছে দৃঢ়মতি॥১॥

সেই ব্যক্তি যাত্রিবেশ করিয়া ধারণ।
যে পণ করেছে শুন তার বিবরণ ॥
খিদ্যমান করণেতে তাহাকে নিশ্চয়।
কদাচ নিরাশবিষয়ের সাধ্য নয় ॥ ২ ॥

তাহাকে সুভয়ঙ্কর আখ্যায়িকাদ্বারা।
সংবেষ্টনকারিব্যক্তি সব আপনারা ॥
হতবল হন কিন্তু তাহাতে নিশ্চয়।
তার বল অধিক বর্দ্ধিত আরো হয় ॥ ৩ ॥

তাহার নাহিক ভয় ভয়ানকহইতে।
বীরের সহিত তিনি যুদ্ধ করণেতে ॥
সমর্থ হয়েন অতি আর যাত্রিবেশ।
ধারণ করণ স্বত্ব রাখেন বিশেষ ॥ ৪ ॥

দুর্জন পিশাচ ভূতদ্বারাতে নিশ্চয়।
জানিবা কদাচ তার চিত্ত দম্য নয় ॥
যেহেতু জানেন তিনি অবশেষে আমি।
হইব অনন্ত সর্ব্বজীবনের স্বামী ॥ ৫ ॥

অতএব ভ্রান্তি সব করহ গমন।
মনুষ্য কথিত বাক্যে তিনি ভীত নন ॥
যাত্রিবেশ ধারণার্থে বরং রাত্রিদিন।
পরিশ্রম করিবেন ইহাতে প্রবীণ ॥ ৬ ॥

অপর প্রথম ভাগের ১১৩ পৃষ্ঠে নির্ণীত যাত্রিরদিগকে স্বভাবতঃ অলসকারি মোহভূমিতে যাত্রিরা পহুঁছিল। ঐ স্থান ঝাড়ঝোপ কাঁটাতে আচ্ছন্ন হইয়া মোহবিশিষ্টবৃক্ষবাটিকা কতকগুলিন স্থি

তিস্থানব্যতিরিক্ত সর্ব্বত্র জঙ্গলেতে ঢাকিয়া রহিয়াছিল। ঐ মোহবিশিষ্ট বৃক্ষবাটিকাতে মনুষ্য যদি বইসে বা শয়ন করে তবে কেহ২ কহে যে সে এজগতে নিদ্রাহইতে প্রায় জাগ্রত হয় না। ঐ অরণ্য হইয়া যাত্রিরা এঁকেং চলিল বিশেষতঃ বৃহচ্চিত্তমহাশয় পথপ্রদর্শক হইয়া অগ্রেং এবং পাছে কোনো পিশাচ বা নাগ বা বীর বা চোর পশ্চাৎ আসিয়া যাত্রিরদের হিংসা করে এতন্নিবার ণার্থে সত্যতার্থে বীর্য্যপ্রকাশকমহাশয় পাছেং চলিলেন। এবং ঐ স্থান আপদ্বিশিষ্টপ্রযুক্ত একেং স্বীয়২ খড়্গ নিষ্কোষ করিয়া পর স্পর আপনারদিগকে সাধ্যানুসারে আশ্বাস দেওত চলিলেন। বৃহচ্চিত্তমহাশয় আজ্ঞা করিলেন যে দুর্ব্বলচিত্তমহাশয় আমার পশ্চাৎ২ আসিবেন এবং আশাচ্যুতমহাশয় বীর্য্যপ্রকাশক মহাশ য়ের নিকটেং গমন করিবেন।

অপর তাঁহারা ঐ রীতিক্রমে বহুদূর গমন করে নাই ইতো মধ্যে এক ঘোর কুজ্ঝটিকা এবং অন্ধকার তাহারদের সকলের উপ রে পড়িল তাহাতে অনেক ক্ষণপর্য্যন্ত তাহারা এক জন আর এক জনকে দেখিতে পাইল না অতএব অনেকক্ষণ ব্যাপিয়া তাহার দের পরস্পর বাক্যসাহায্যদ্বারা চলিতে হইল কেননা তাহারা দৃষ্টির সহায়তাপূর্ব্বক গমন করিলেন না।

এই বিবরণদ্বারা পাঠকেরা নিশ্চয় অনুমান করিবেন যে ইহার দের সকলের অতিদুঃখকষ্টপূর্ব্বক গমনাবশ্যক হইয়া ছিল কিন্তু তদ্রূপ গমন যদি শক্তিবিশিষ্ট ব্যক্তিরদের প্রতি অতিদুঃখের কারণ হইয়াছিল তবে কোমলান্তঃকরণ এবং কোমলপাদবিশিষ্টস্ত্রীলো কেরদের এবং সন্ততিরদের প্রতি কি পুন। তথাচ অগ্রগামি এবং পশ্চাদ্গমনকারিব্যক্তির সাহসজনক বাক্যেতে যাত্রিরা ধীরেসুস্থে অগ্রসর হইল।

পঙ্কচহলাতে পূর্ণপ্রযুক্ত ঐ পথ অতিব্যামোহদায়ক ছিল এবং ঐ তাবৎ মোহভূমিতে দুর্ব্বলেরদের পরিশ্রমনিবৃত্ত্যর্থে এক সরাই

বা অতিথিকারি এক গৃহের লেশও ছিল না অতএব সেই স্থানে এক জন কোঁকাইতে এবং অন্য একেতে হাঁইফাঁই করিতে এবং এক জন বিলাপ করিতে লাগিল এক জন ঝোপের উপর হুমড়ি য়া পড়িল এবং অন্য একে পঙ্কের মধ্যে বসিয়া যাইতে লাগিল এবং বালকেরদের মধ্যে কেহ২ পঙ্কেতে পাদুকা হারাইয়াছিল। অন্য এক জন চীৎকার করিয়া কহিল আমি পড়িয়া মরিয়াছি এবং অন্যেতে ওহে তুমি কোথা এবং আর একেতে ঝাড়জঙ্গল আমাকে এমত জড়িয়া ধরিয়াছে যে আমি এড়াইতে পারি না এত দ্রূপ বাক্য কহিতে লাগিল।

অপর যাত্রিরা উষ্ণ এবং বহুরমণীয় দর্শায় এমত এক বৃক্ষ বাটিকাতে আসিয়া পহুঁছিল। মস্তকোপরি ঐ বৃক্ষবাটিকা নানা লতা পুষ্পাদিতে এবং মধ্যে নানাপ্রকার আসনেতে এবং যাত্রিরা হেলান দিয়া শয়ন করিতে পারে এমত অতিকোমল এক বৈঠকে তে ভূষিতা ছিল। হে পাঠক যাত্রিরদের তাবদ্দুঃখ দেখিয়া বোধ হয় যে এই স্থান যাত্রিরদের বহুসন্তোষার্হ এবং বাঞ্ছাজনক ছিল যেহেতুক যাত্রিরা ঐ সময়ে পথের কদর্য্যতাপ্রযুক্ত বহুশ্রান্ত হইয়া ছিল কিন্তু যাত্রিরদের মধ্যে কোনো এক প্রাণী সেই স্থানে তিষ্ঠ নের বাঞ্ছা দর্শাইল না। অধিক কি কহিব আমার দর্শনে তা হারা আপনারদের পথপ্রদর্শকের পরামর্শপ্রযুক্ত এই মত সাব ধান ছিল এবং আপদ্সমীপবর্ত্তিনী হইলে তিনি তদাপদ্বিষয়ে এবং তদাপদুৎপন্ন ফলবিষয়ে এমত বিশ্বস্তরূপে কহিয়া দিলেন যে আপদধিক নিকটবর্ত্তিসময়ে যাত্রিরা অধিক সাহস বান্ধিয়া শারীরিক সুখভোগ হেলনবিষয়ে আপনারদিগকে সাহসবান করিত। শ্রান্ত হইলে যাত্রিরা যে আত্মশ্রম নিবৃত্ত করে এতদ্বিষয়ে মোহ জন্মাওনার্থে ঐ বৃক্ষবাটিকা অলসমিত্রা নামে খ্যাতা ছিল।

অপর আমি স্বপ্নেতে দেখিলাম যে যাত্রিরা লোকশূন্যা ঐভূমি হইয়া গমন করত মনুষ্য হঠাৎ আত্মপথ ভ্রান্ত হয় এই মত স্থানে

উপস্থিত হইল। ঐ স্থানে আলোসময়ে কুস্থানগামি পথ এড়াওনে পথপ্রদর্শক প্রায় অক্ষম হইলে এইক্ষণে অন্ধকারপ্রযুক্ত তাঁহার অধিক ধাঁদা লাগিল কিন্তু স্বর্গীয় রাজধানীগামি তাবৎপথের এক নক্সা তিনি আপনার নিকটে রাখিতেন এবং সর্ব্বদা চক্‌মকি সঙ্গে থাকাপ্রযুক্ত তিনি আলো করিয়া আপন নক্সা দেখিলেন তাহাতে লিখিত ছিল যে অমুক স্থানে পহুঁছিলে সাবধানপূর্ব্বক দক্ষিণহস্ত হইয়া যাইবা। ঐ স্থানে ঐ পথপ্রদর্শক সাবধান হইয়া যদি আপনার নক্সা না দেখিতেন তবে না জানি যাত্রিরা সকলে পঙ্কে নিমগ্ন হইত যেহেতুক যাত্রিরদের কিঞ্চিদগ্রে এবং পথের সর্ব্বাপেক্ষা পরিষ্কার স্থানে এক মহাগর্ত্ত ছিল তাহা কত গভীর কেহ কহিতে পারে না ঐ গর্ত্ত দল্‌দলীয় পঙ্কমাত্রেতে পরিপূর্ণ ছিল এবং যাত্রিরদের বিনাশার্থে খনিত হইয়াছিল।

যাত্রিরদের ঐ অবস্থা দেখিয়া আমি আত্মমনকে কহিলাম যে পথ হারাইলে কোন পথ ধরিব এতজ্জ্ঞাপনার্থে এতদ্রূপ নক্সার এক আদর্শ বাত্রিবেশ ধারণকারি কোন যাত্রি সঙ্গে না লইবেন।

অপর যাত্রিরা রাজপথপার্শ্বে নির্ম্মিত অন্য এক বৃক্ষবাটিকার সমীপে পহুঁছনপর্য্যন্ত মোহভূমি হইয়া অগ্রসর হইল। ঐ বৃক্ষবাটিকাতে অকিঞ্চিদ্দর্শক এবং অতিরিক্তসাহসবান নামে দুই ব্যক্তি পড়িয়া রহিয়াছিল। ঐ দুই ব্যক্তি যাত্রিবেশ ধরিয়া ঐ পর্য্যন্ত অগ্রসর হইয়াছিল কিন্তু সেই স্থানে পহুঁছিয়া পথগমনে শ্রান্তপ্রযুক্ত আত্মপরিশ্রমনিবৃত্ত্যর্থে বসিয়া নিদ্রা গেল। যাত্রিরা তাহারদিগকে দেখিয়া সেই স্থানে স্থকিত হইয়া মস্তক হেলাইতে লাগিল যেহেতুক তাহারা অবতগ ছিল যে ঐ প্রকার নিদ্রাকারিরদের অতিদুর্দশা। তাহারদিগকে দেখিয়া যাত্রিরা সকলে পরামর্শ করিতে লাগিল যে ইহারদের বিষয় আমারদের কি করা কর্ত্তব্য নিদ্রাবস্থায় তাহারদিগকে ছাড়িয়া অগ্রসর হইব বা তাহারদের নিকটে যাইয়া তাহারদিগকে জাগাইবার চেষ্টা করিব। পরে

কিঞ্চিৎপরামর্শানন্তর তাহারা স্থির করিল যে আমারদের যদি সা
ধ্য হয় তবে আমরা যাইয়া তাহারদিগকে জাগাইব কিন্তু এই
পণ করিল যে আমরা সেইস্থানে উপবিষ্ট হইব না এবং তদ্বৃক্ষ
বাটিকাতে প্রাপ্তোপকারও গ্রহণ করিব না।

ঐ পরামর্শ করিয়া তাহারা অন্তরে প্রবিষ্ট হইয়া ঐ লোকের
দিগকে নাম ধরিয়া ডাকিয়া কহিল কিন্তু কোনো উত্তর পাইল না।
অনুমান হয় যে পথপ্রদর্শক তাহারদিগকে চিনিলেন তাহাতে
তিনি তাহারদিগকে হেলাইয়া জাগাইবার চেষ্টা পাইতে লাগি
লেন তাহাতে তাহারদের এক জন ঘুমিয়াং কহিল আমি যখন
আমার টাকা পাইব তখন তোর টাকা দিব তাহা দেখিয়া পথপ্র
দর্শক মস্তক হেলাইতে লাগিলেন এবং অন্যেতে কহিল আমি
হস্তে খড়্গ যাবৎ ধরিতে পারি তাবৎ যুদ্ধ করিব ইহা শুনিয়া বাল
কেরদের এক জন হাঁসিয়া উঠিল।

তাহা দেখিয়া খ্রীষ্টীয়ানী জিজ্ঞাসিল ইহার অভিপ্রায় কি তা
হাতে পথপ্রদশক কহিলেন ইহারা নিদ্রাগত হইয়া কথা কহে
তাহারদিগকে যদি তুমি মার বা ঠেঙ্গাও বা যাহা কর বা জাহা
জের মাস্তুলোপরি নিদ্রাগত এবং চতুর্দ্দিকস্থ তরঙ্গে ইতস্তত আ
ছাড়িত পূর্ব্বকালীন তদ্রূপ এক লোক যেমত কহিয়াছিল'যে আমি
জাগ্রৎ হইলে তাহা খুঁজিয়া লইব তাহারা ঐ রূপেই উত্তর দিবে।
তুমি অবগত আছ যে মনুষ্য নিদ্রায় কথা কহিলে তাহারা অসম্বন্ধ
বকে কিন্তু তাহারদের বাক্য প্রত্যয়দ্বারা বা যুক্তিদ্বারা ব্যবহার্য্য
নয়। পূর্ব্বে যাত্রিবেশধারণে এবং এই স্থানে উপবেশনে তা
হারদের সেসময় কার্য্যবিষয়ে যেমত অসংলগ্নতা ছিল সেই মত
এইক্ষণে বাক্যবিষয়েও অসংলগ্নতা আছে। বৃহচ্চিত্তমহাশয়
আরো কহিলেন যে অকিঞ্চিদ্দর্শকেরা যাত্রিবেশ ধারণ করিলে
তাহারদের বিংশতিজনের মধ্যে এক জনের এই দশা ঘটিয়া থা
কে যেহেতুক যাত্রিরদিগকে ভ্রমণার্থক এই মোহভূমি যাত্রিরদের

শত্রুরদের শেষ উপায় অতএব তুমি যেমন দেখিতেছ তেমন তদ্ভূমি প্রায় পথের প্রান্তভাগে স্থিত এবং তজ্জন্যে তাহা যাত্রিরদের প্রতিকূল অতিসফলতাপূর্ব্বক নিরূপিত আছে। যেহেতুক যাত্রিরদের শত্রুরা ভাবে যে এ ক্ষেপারা শান্তসময়ে উপবেশনে যেমন বাঞ্ছাবিশিষ্ট হইয়া থাকে তেমন অন্য কোন সময়ে হয় এবং যাত্রাশেষে যেমন শান্ত তেমন অন্য কোন সময়ে শান্ত হয়। অতএব আমি কহি যে তজ্জন্যে মোহভূমি বিউলাহ্নামক দেশের এবং যাত্রিরদের কোটির অন্তে তদ্রূপ সমীপস্থিতা হইয়াছে। অতএব যাত্রিরা সাবধান হউক পাছে তোমরা যেমন দেখিতেছ তেমন কেহ জাগাইতে পারে না এতদ্রূপ নিদ্রাগত ইহারদের প্রতি যেমন ঘটিয়াছে তেমন তোমারদের প্রতিও না ঘটে।

তাহা দেখিয়া যাত্রিরা অতিশয় কম্পবান হইয়া কহিল আমরা অগ্রসর হই মাত্র তাহারা আপনারদিগের পথপ্রদর্শকের স্থানে প্রার্থনা করিল যে আমরা ভাবিপথে আলো সহকারে গতি করিতে পারি এই জন্যে আপনি চক্‌মকি ঝাড়িয়া আলো করুন। তাহাতে তিনি চকমকি ঝাড়িয়া আলো করিলেন এবং অবশিষ্ট পথে অন্ধকার অতিশয় হইলেও তাহারা তত্তাবৎপথ আলোর সাহায্যপূর্ব্বক গমন করিল।

কিন্তু বালকেরা অতিশ্রান্ত হইয়া যাত্রিরদিগকে স্নেহকারি পথপ্রদর্শকের নিকটে ক্রন্দন করিতে লাগিল যে পথ কিছু সুগম করুন। ঐ রীতিক্রমে তাহারা কিঞ্চিৎ অগ্রসর হইলে বায়ু উত্থাপিত হওয়াতে কুজ্ঝটিকা ছতরিয়া যাওনেতে আকাশ নির্ম্মল হইতে লাগিল।

তথাচ তাহারা মোহভূমি পার হওনে বহুদূর ছিল মাত্র এই ক্ষণে তাহারা পরস্পর আপনারদিগকে এবং গন্তব্যপথকে অতি স্পষ্টরূপে দেখিতে পাইল।

অপর তাহারা কথিত রীতিক্রমে গমন করত মোহভূমির প্রান্ত

ভাগে প্রায় পহুঁছিয়াছিল ইতোমধ্যে অন্তঃকরণে বহু উৎকণ্ঠিত একজনের শব্দের সদৃশ এক ধ্বনি কিঞ্চিদগ্রেতে শুনিল তাহাতে তাহারা অগ্রসর হওত অগ্রে দর্শন করিতে লাগিল এবং দেখ তাহারা অনুমান করিল যে আমরা অষ্ঠীবদ্গত এবং ঊর্দ্ধদৃষ্টি করত এবং অতিশয় উত্তাপপূর্ব্বক ঊর্দ্ধবাসি কোনো কাহার সহিত বাক্যবাদি এক জনকে দেখিতে পাই পরে তাহারা তাঁহার নিকটে উপস্থিত হইল কিন্তু সে কি কহিতেছিল ইহা শুনিতে পাইল না অতএব তাহার কথা সমাপ্তিপর্য্যন্ত তাহারা শনৈঃ২ গমন করিল। পরে ঐ ব্যক্তি প্রার্থনা সাঙ্গ করিলে সে উঠিয়া স্বর্গীয় রাজধানীর প্রতি মুখ করিয়া দৌড়িতে লাগিল তাহা দেখিয়া বৃহচ্চিত্তমহাশয় তাহার পশ্চাৎ ডাকিয়া কহিলেন যে হে হে ধাবনকারি বন্ধো আপনি আমার অনুমানানুক্রমে যদি স্বর্গীয় রাজধানীতে যাইতেছেন তবে আপনকার সহায়তা অনুমতি করুন। তাহাতে ঐ মনুষ্য স্থকিত হওয়াতে তাঁহারা তাহার নিকটে ত্বরায় উপস্থিত হইল কিন্তু সত্যবাদিমহাশয় তাহাকে দেখিবামাত্রেতে কহিলেন উঃ আমি এ মনুষ্যকে চিনি তাহাতে বীর্য্যপ্রকাশকমহাশয় কহিলেন তবে এ ব্যক্তিকে কহুন শুনি। তাহাতে তিনি কহিলেন আমার বাসনগরের অঞ্চলহইতে ইনি আসিতেছেন এঁহার নাম দৃঢ়স্থায়ী এবং নিশ্চয়ে ইনি যথার্থযাত্রী।

পরে তাঁহারা ক্ষণেকের মধ্যে পরস্পর মিলিত হইলে দৃঢ়স্থায়িমহাশয় সত্যবাদিমহাশয়কে কহিলেন হে পিতঃ সত্যবাদিমহাশয় আপনি কি এই স্থানে তাহাতে সত্যবাদিমহাশয় কহিলেন হাঁং ইহাতে কোনো সন্দেহ নাই। পরে দৃঢ়স্থায়িমহাশয় কহিলেন পথে আপনাকে প্রাপণে আমার অত্যাহ্লাদ তাহাতে অন্যেতে কহিলেন আপনাকে অষ্ঠীবদ্গত হইয়া প্রার্থনা করিতে দেখিয়া আমার ততোধিক আহ্লাদ হইয়াছে। ঐ বাক্য শুনিয়া দৃঢ়স্থায়িমহাশয় রক্তবদন হইয়া কহিলেন কেন২ আ

পনি কি আমাকে প্রার্থনা করিতে দেখিয়াছিলেন তাহাতে অন্যেতে কহিলেন হাঁ২ আমি দেখিয়াছিলাম এবং তদ্দর্শনে আমার চিত্ত অত্যাহ্লাদিত ছিল। পরে দৃঢ়স্থায়িমহাশয় কহিলেন আমাকে দেখিয়া আপনি কি ভাবিয়াছিলেন তাহাতে বৃদ্ধসত্যবাদী কহিলেন কি ভাবিয়াছি কহিতেছেন আমার ভাবনা কি উচিত। ভাবেন তবে কহি আমি ভাবিলাম যে পথেতে আমরা এক জন সত্যবাদি লোকের দেখা পাইয়াছি অতএব অল্পক্ষণের মধ্যে তাঁহার সহায়তা প্রাপ্ত হইব। তাহাতে দৃঢ়স্থায়ি কহিলেন আপনি যদি কিছু অপ্রকৃত না ভাবেন তবে আমি আহ্লাদিত হই কিন্তু আমার যেমন হওন কর্ত্তব্য তেমন যদি না হই তবে আমারেই তাহার ফল সহ্য করিতে হইবে। তাহাতে অন্যেতে কহিল তাহাই বটে কিন্তু আপনি ভীত হওনেতে আমি নিশ্চয় জানি যে আপনকার প্রাণের সহিত এবং যাত্রিরদের রাজার সহিত ঐক্য আছে কেননা কথিত আছে সর্ব্বদা ভীত যিনি তিনি ধন্য।

তাহা শুনিয়া বীর্য্যপ্রকাশক মহাশয় কহিলেন হে ভ্রাতর্ভ্রাতঃ কিন্তু আমি মিনতি করি আপনি আমারদিগকে কহুন আপনি এই মাত্র অষ্ঠীবদ্গত হইয়া যে প্রার্থনা করিতেছিলেন ইহার কারণ কি বিশেষতঃ কোনো বিশেষানুগ্রহ প্রাপ্তির জন্যে বা অন্য কোনো কারণের জন্যে।

তাহাতে দৃঢ়স্থায়িমহাশয় কহিলেন তাহা জিজ্ঞাসা করিবার আবশ্যক কি আপনি জানিতেছেন আমরা মোহভূমিতে আছি এবং আগমনসময়ে আমি আত্মমনে আলোচনা করিতেছিলাম যে এই স্থানে পথ স্বভাবতঃ কেমন আপদ্বিশিষ্ট এবং এই পথে এতৎপর্য্যন্ত যাত্রায় আগমন করণানন্তর কত লোক এইস্থানে বদ্ধ হইয়া নষ্ট হইয়াছে। তদ্ভিন্ন এইস্থানে মৃতলোকেরা কিপ্রকার মরে ইহাও আমি আলোচনা করিতে ছিলাম বিশেষতঃ যাহারা এই স্থানে মরে তাহারা কোনো এক ব্যামোহদায়িকা পীড়াতে

মরে না যেহেতুক দেখিতেছি যে নিদ্রাবস্থায় যে মরে সে অত্যা হ্লাদপূর্ব্বক নিদ্রা যায় এবং এতদ্দেশীয় রোগের রীতিতে যাত্রিরা স্বেচ্ছাপূর্ব্বক সন্তুষ্ট হয়।

অপর সত্যবাদিমহাশয় দৃঢ়স্থায়িমহাশয়ের বাক্যে বাধা দিয়া জিজ্ঞাসিলেন বৃক্ষবাটিকাতে নিদ্রাগত লোকদ্বয়কে আপনি কি দেখিয়াছিলেন।

তাহাতে দৃঢ়স্থায়িমহাশয় কহিলেন হাঁং আমি সেই স্থানে অকিঞ্চিদ্দর্শককে এবং অতিরিক্তসাহসবানকে দেখিয়াছিলাম নিঃসন্দেহে তাহারা সেই স্থানে পড়িয়া পচিবে। কিন্তু সে যাহা হউক আমি আপন গল্প করি আমার কথিত বাক্যানুসারে আমি আলোচনা করিতে ছিলাম ইতোমধ্যে এক জন বৃদ্ধা স্ত্রী অতিসুন্দরবস্ত্রেতে পরিহিতা হইয়া আমার নিকটে উপস্থিতা হইয়া জিজ্ঞাসিল মৎকর্ত্তৃক দানীয় এই তিন দ্রব্যের মধ্যে কোন দ্রব্য গ্রহণ করিবা বিশেষতঃ আমার গাত্র বা আমার টাকার তোড়া বা আমার শয্যা। সত্য কহিতে গেলে আমি ঐ সময়ে অতিশয় শ্রান্ত হইয়া নিদ্রান্বিত ছিলাম এবং আমি যে অতিদরিদ্রদুঃখী ছিলাম ইহাও সে ডাইনী অবগতা ছিল। পরে আমি তাহাকে একবার দুইবার নিবারণ করিলাম কিন্তু আমার নিবারণেতে সে ঈষদ্ধাস্যবদনা হইয়া দাঁড়াইয়া রহিল তাহা দেখিয়া আমি ক্রোধান্বিতপ্রায় ছিলাম কিন্তু তাহাতেও সে কিছু ভীতা ছিল না। পরে সে আরং জিজ্ঞাসা করিয়া কহিতে লাগিল যে তুমি যদি আমার অধীন হও তবে আমি তোমাকে মহৎ এবং সুখী করিব যেহেতুক সে কহিল আমি জগৎকর্ত্রী মৎকর্ত্তৃক মনুষ্য সুখী হয়। তাহাতে আমি তাহাকে জিজ্ঞাসিলাম তোমার নাম কি তাহাতে সে কহিল আমার নাম বিস্মাঠাকুরাণী ঐ কথা শুনিয়া আমি তাহাকে অতিশয় ঘৃণা করিলাম কিন্তু তথাপি সে আপনার প্রবঞ্চনা লইয়া আ

মার পশ্চাৎ২ আসিতে লাগিল. তাহাতে আপনি যেমন দেখিয়াছিলেন তেমন আমি অষ্ঠীবদ্গত হইয়া তোমার উপকার করিব এতদ্বাক্যবাদিব্যক্তির স্থানে ঊর্দ্ধবাহু হইয়া প্রার্থনা করিতেছিলাম। এবং আপনি উপস্থিত হইবামাত্রেতে ঐ ঠাকুরাণী চলিয়া গেল তথাপি আমি তন্মুক্তিজন্যে স্তুতি করত সেই স্থানে রহিলাম যেহেতুক আমি নিশ্চয় ভাবিলাম যে সে আমার মঙ্গল চেষ্টা না করিয়া বরং আমাকে পথে আটক করণে মনঃস্থ করিয়াছিল।

তাহা শুনিয়া সত্যবাদিমহাশয় কহিলেন নিঃসন্দেহ তাহার বাঞ্ছা মন্দ কিন্তু কিঞ্চিত্তিষ্ঠুন আপনি তাহার বিষয়ে কথা কহিতেছেন আমার মনে লয় আমি তাহাকে দেখিয়াছি বা তাহার কোনো আখ্যায়িকা পাঠ করিয়াছি।

তাহাতে দৃঢ়স্থায়িমহাশয় কহিলেন হইতে পারে আপনি তাহাকে দেখিয়া থাকিবেন এবং তদ্বিষয়িকা আখ্যায়িকা ও পাঠ করিয়া থাকিবেন।

পরে সত্যবাদিমহাশয় কহিলেন কি আপনি বিশ্বানাম্নী ঠাকুরাণীর বিষয়ে কহিতেছেন সে কি কিঞ্চিদ্দীর্ঘকায়া এবং দর্শনেও যৎকিঞ্চিৎ সুন্দরী কিন্তু কিঞ্চিৎকৃষ্ণবর্ণা নয়।

তাহাতে দৃঢ়স্থায়িমহাশয় কহিলেন আপনি যথার্থ কহিয়াছেন সে অমনি লোক বটে।

পরে সত্যবাদিমহাশয় জিজ্ঞাসা করিলেন সে কি বাচালা নয় এবং সে কি প্রত্যেক বাক্যের অন্তে ঈষদ্ধাস্যবদনা হইয়া থাকে না।

তাহাতে দৃঢ়স্থায়িমহাশয় কহিলেন আপনি পুনর্ব্বার যথার্থ কহিয়াছেন যেহেতুক তাহার আচরণ তদনুসারে নিশ্চয়।

পরে সত্যবাদিমহাশয় জিজ্ঞাসিলেন সে কি আপনার পার্শ্বে টাকার এক ঝুলি বাঁধিয়া বেড়ায় না এবং সেই টাকাতে যে তা

হার মনোভিলাষ নিমগ্ন ইহা জানাইবার নিমিত্তে সে কি ঐ ঝুলিতে সর্ব্বদা হস্ত দিয়া টাকা নাড়িয়া চাড়িয়া বেড়ায় না।

তাহাতে দৃঢ়স্থায়িমহাশয় কহিলেন আপনি যথার্থ কহিয়াছেন সে যদি এই তাবৎ সময় এই স্থানে দাঁড়াইয়া রহিত তবে আপনি তাহার নির্ণয় এবং তাহার ধ্যানের নির্ণয় অধিক সুস্পষ্ট রূপে বর্ণনা করিতে পারিতেন না।

পরে সত্যবাদিমহাশয় কহিলেন যে তবে তাহার চরিত্র নির্ণয়কারিব্যক্তি অতিনিপুণ তাহার চিত্রকরের এবং নির্ণয় রচনা কর্ত্তার বাক্য অতিসত্য।

ঐ তাবদ্বাক্য শুনিয়া বৃহচ্চিত্তমহাশয় কহিলেন যে ঐ স্ত্রী এক ডাইনী এবং তাহার ডাইনপনাতে এই ভূমি অর্থাৎ এই জগৎ মোহিত হইয়াছে। তাহার ক্রোড়ে যে ব্যক্তি মস্তক রাখিয়া শয়ন করে সে ব্যক্তি খড়্গ লুণ্ঠমান স্থানাধো মস্তক রাখিয়া শয়ন বরঞ্চ ভাল এবং যে ব্যক্তি তাহার সৌন্দর্য্য দেখিয়া ভ্রান্ত হয় তাহারা ঈশ্বরের শত্রুগণ্য জানিবেন। যাত্রিরদের শত্রুদিগকে সাড়ম্বররূপে প্রতিপালনকারিণী ডাইনী এই স্ত্রী! অধিক কি কহিব এই ডাইনী অনেক লোককে যাত্রিবেশধারণ ত্যাগ করাইয়াছে। সে অতিশয় গপ্পকারিণী এবং সে এবং তাহার কন্যা এই জগতের ভদ্রবিষয় যে উত্তম এবং মাননার্হ এতদ্বাক্য বাদিনী হইয়া সর্ব্বদা কোনো এক যাত্রিবেচারার পশ্চাৎ২ বেড়ায়। সে অতিশয় নির্লজ্জা এবং নির্ভয়া যেমনি বা লোক হয় না কেন তাহার সহিত সে কথা কহিবে। গরিব যাত্রিরদিগকে দেখিয়া সে সর্ব্বদা হাস্যবদনা হইয়া তাহারদিগকে তিরস্কার করে কিন্তু ধনিরদের সর্ব্বদা প্রশংসা করে যদি কোনো কেহ কোনো স্থানে যথেষ্ট ধনোপার্জন করিতেপারে তবে সে সর্ব্বদা ঘরে২ তাহার প্রশংসা করিয়া বেড়ায়। ভোজ নিমন্ত্রণ ইত্যাদি গমনেতে তাহার বড় সন্তোষ এবং কোনো এক মহাপরব হইলে সর্ব্বদা তাহার দেখা

পাওয়া যায়। কোনোং স্থানে সে গপ্প করিয়াছে যে আমি এক দেবী তৎপ্রযুক্ত আমার পূজাও কেহ২ করে। অপর প্রবঞ্চনার্থক নিরূপিত সময় এবং নিরূপিতস্থান তাহার সর্ব্বত্র আছে এবং সে বক্ষ্যমাণ বাক্য প্রকাশ করণে লজ্জা করে না যে আমি যেমন সুন্দর দ্রব্য দর্শাইতে পারি এমন দ্রব্য কেহ দর্শাইতে পারে না। এবং তাহাকে যে কোনো কেহ স্নেহ করে এবং অতিশয় প্রশংসা করে তাহারদের পুরুষানুক্রমে আনুকূল্য করিব এই মত বাক্য সে কহে। কোনোং স্থানে এবং কোনোং লোকের প্রতি সে আপনার ঝুলিহইতে আঁজলাং স্বর্ণ ছড়াইয়া ফেলে। সে মনুষ্যকর্ত্তৃক প্রশংসিতা এবং উপদিষ্টা হওন এবং তাহারদের বক্ষ স্থলে শয়নে সর্ব্বদা চেষ্টা করে। সে আপনার দ্রব্যাদির প্রশংসা করণে কখনো শ্রান্তা নয় এবং যাহারা তাহার বিষয়ে অধিক ভাবে তাহারদিগকে অধিক স্নেহ করে। তৎকর্ত্তৃক যে কেহ পরামৃষ্ট হয় সে ঐ লোকেরদিগকে মুকুট এবং রাজ্য দেওনে স্বীকৃতা হয় তথাপি সে অনেকের ফাঁসির কারণ হইয়াছে এবং ততোধিক সহস্রগুণ লোকেরদিগকে নরকে প্রেরণ করিয়াছে।

ঐ কথা শুনিয়া দৃঢ়স্থায়ি মহাশয় কহিলেন উঃ তবে না জানি আমার প্রতি কত অনুগ্রহ যে আমি তাহারে অবহেলন করিয়াছি যেহেতুক অবহেলন না করিলে না জানি সে আমাকে কোথায় আকর্ষণ করিত।

তাহাতে বৃহচ্চিত্ত কহিলেন না জানি কোথায় আকর্ষণ করিত কহিতেছেন এই বিষয় ঈশ্বরব্যতিরেকে অন্য কেহ অবগত নয় কিন্তু বিশেষিয়া কহিতে গেলে ইহা সত্য যে সর্ব্বনাশেতে এবং নরকে মনুষ্যেরদিগকে আকর্ষণকারি নানা বাতুলত্ববিশিষ্ট এবং হিংসাকারি কামেতে সে তোমাকে আকর্ষণ করিত।

আব্‌শালোমকে আত্মপিতার বৈরকারিণী এবং য়িরোবোআমকে আত্মকর্ত্তার শত্রুতাকারিণী ঐ স্ত্রী। সেই স্ত্রী য়িহুদাহকে

আত্মপ্রভুর বিক্রয় করণে পরামর্শ দিয়াছিল এবং স্বর্গীয় যাত্রিবেশ ধারণ ত্যাগবিষয়ে ঐ স্ত্রী দেমাস্‌কে পরাস্ত করিয়াছিল। অধিক কি কহিব সেই স্ত্রীদ্বারা যত হানি উৎপন্ন হইয়াছে তাহার বর্ণনা কে করিতে পারে সে ডাইনী রাজার মধ্যে ও প্রজার মধ্যে এবং পিতামাতার মধ্যে ও সন্ততির মধ্যে এবং পরস্পর প্রতিবাসির মধ্যে এবং স্ত্রীপুরুষের মধ্যে এবং মনুষ্যের ও তাহার মনের মধ্যে এবং শরীরের ও আত্মার মধ্যে বিরোধ জন্মায়।

অতএব হে দৃঢ়স্থায়ি মহাশয় আত্মনাম সদৃশ হউন এবং সাধ্য পর্য্যন্ত করিয়াও দৃঢ়স্থায়ী হউন।

ঐ কথোপকথনেতে যাত্রিরদের মনেতে আহ্লাদ এবং কম্প উৎপন্ন হইল কিন্তু কিঞ্চিৎপরে তাঁহারা বক্ষ্যমাণ শ্লোকদ্বয়দ্বারা আত্মমনের অভিপ্রায় প্রকাশ করিলেন।

যাত্রির আপদ্‌ কত কত বা তাহার।
না জানি বিপক্ষ আছে সংখ্যা নাহি তার॥
আর পাপ করিবার পথ শত শত।
ইহা কোনো মনুষ্যেতে নহে অবগত॥ ১ ॥

খানায় পড়িয়া কেহ নষ্ট হইয়াছে।
পথে পড়ি গড়াগড়ি কেহ বা দিতেছে॥
কেহ বা বৃশ্চিক মুখে যাইতে না পারে।
কিন্তু অনায়াসে অহিমুখে গিয়া মরে॥ ২ ॥

পঞ্চদশাধ্যায়।

বিওলাহ্নামক দেশেতে যাত্রিরদের পহুঁছন এবং সেস্থানহইতে আত্মরাজার অনুমতির অপেক্ষায় থাকন তদ্ভিন্ন খ্রীষ্টীয়ানীর এবং তাহার কতকগুলিন সহায়েরদের নদী পার হইয়া ঈশ্বরীয় রাজধানীতে গৃহীত হওন বিবরণ।

অপর যাবৎ যাত্রিরা বেউলাহ্নামক দেশেতে পহুঁছিল তাবৎ আমি দৃষ্টি করিতে ছিলাম সেই স্থানে রৌদ্র দিবারাত্রি প্রসন্ন আছে। প্রথম ভাগের ২২৩ পৃষ্ঠ অরধি পাঠ করিয়া দেখুন। ঐ স্থানে পহুঁছিয়া শ্রান্তপ্রযুক্ত যাত্রিরা কিয়ৎকাল বিশ্রাম করিল এবং সেই দেশ যাত্রিরদের সাধারণপ্রযুক্ত এবং তত্রস্থ উদ্যান দ্রাক্ষাক্ষেত্র ইত্যাদি স্বর্গীয় রাজধানীর কর্ত্তার অধিকারপ্রযুক্ত সেইস্থানে যাহা ইচ্ছা তাহাই তাহারদের গ্রহণানুমতি ছিল। কিন্তু সেই স্থানে অল্পক্ষণের মধ্যে তাহারা আপ্যায়িত হইল যে হেতুক রাজধানীর ঘণ্টা এবং তূরীসমস্ত এই মত সুশ্রাব্যরূপে বাজিতে লাগিল যে তাহারা শয়ন করণে অক্ষম ছিল তথাচ তাহারা এই মত আপ্যায়িত হইল যে অতিঘোরতর নিদ্রা গেলেও তেমন আপ্যায়িত হইতে পারে না। এইস্থানেও রাজমার্গ গমনকারি সকলের মুখেতে এই বাক্য ছিল যে আরো যাত্রি নগরেতে আসিয়া পহুঁছিয়াছে তাহা শুনিয়া অন্য একেতে উত্তর দিত যে অমুক২ যাত্রি অদ্য নদী পার হইয়া স্বর্গীয় রাজধানীর দ্বারেতে উপস্থিত হইয়া প্রবেশানুমতি পাইয়াছে। অপর অন্যেতে পুনর্ব্বার কহিত যে এইক্ষণমাত্র জাজ্বল্যমান এক দল নগরে আসিয়া পহুঁছিয়াছে তাহাতে আমরা জানি যে আরো যাত্রি পথেতে আ

ছে যেহেতুক ঐ জাজ্বল্যমান ব্যক্তিরা এই স্থানেতে আসিয়া যাত্রিরা দুঃখ ক্লেশহইতে বাঁচিয়া আইলে তাহারদের সান্ত্বনার্থে অপেক্ষা করেন। পরে যাত্রিরা গাত্রোত্থান করিয়া ইতস্ততো গমন করিতে লাগিল কিন্তু অধিক কি কহিব এই স্থানে তাহারদের চক্ষুঃ স্বর্গীয় দর্শনেতে যে প্রকার পরিপূর্ণ হইয়াছিল ইহা নির্ণয় করা ভার। ঐ দেশেতে উদরহানিকারী বা মনোহানিজনক তাহারা কিছু শুনিল না কিছু দেখিল না কিছু স্পর্শ করিল না এবং কিছু ঘ্রাণও পাইল না মাত্র উত্তরণীয় নদীর জল যখন আস্বাদন করিল তখন তাহারা অনুমান করিল যে তাহা কিছু কডুয়াং বোধ হয় কিন্তু তাহাও উদরে প্রবিষ্ট হইলে অতিমিষ্ট বোধ হইয়াছিল।

এই স্থানে পূর্ব্বকালীন যাত্রিবেশ ধারণকারিব্যক্তিরদের এবং তাহারদের তাবদ্বীরত্ব কার্য্যের নির্ণয়াক এক গ্রন্থ ছিল। কোনোং যাত্রি পার হওন সময়ে ঐ স্থানস্থা নদী অতিশয় বর্দ্ধিতা হইত এবং কোনোং সময়ে তজ্জল অতিশয় অল্প হইত এই সমস্ত বিষয় তত্তাবদঞ্চলে গপ্পপ্রায় ছিল যেহেতুক কোনো যাত্রি পার হওন সময়ে ঐ নদী প্রায় শুষ্কা হইত এবং কোনোং সময়ে তত্তাবত্তীর উচ্ছলিয়া ভাসিয়া যাইত।

ঐ স্থানস্থ বালকেরা স্বর্গীয় রাজোদ্যানে যাইয়া যাত্রিরদের নিমিত্তে পুষ্প আহরণ করিয়া অতিশয় আদরপূর্ব্বক তাহারদিগকে দিত। ঐ সমস্ত উদ্যানেতে জীরা মরিচ গুয়ামহুরি লবঙ্গ জায়ফল দারুচিনি তেজপাত এলাচি লবানপ্রভৃতি নানাজাতীয় সুগন্ধবিশিষ্ট বৃক্ষাদি ছিল। তদ্দ্বারা ঐ স্থানে যাত্রিরদের বাসকাল তাহারদের কুঠরি তাবৎ সুগন্ধেতে পরিপূর্ণ ছিল এবং নিরূপিত সময় উপস্থিত হইলে যাত্রিরদের পার হওনার্থে তাহারদের গাত্র তত্তদ্দ্রব্যনির্ম্মিত সুগন্ধি তৈলদ্বারা মর্দ্দিত ছিল।

অপর ঐ যাত্রিরদের উপস্থিত হইয়া নদীপার হওন নিরূপিতভদ্র

কাল অপেক্ষায় অবস্থিতিসময়ে স্বর্গীয় রাজধানীহইতে খ্রীষ্টীয়ান্‌নামক যাত্রির ভার্য্যা খ্রীষ্টীয়ানীবিষয়ক বহুগুরুতর সম্বাদ লইয়া এক দূত উপস্থিত হইল। তাহাতে তদ্বিষয়ে অনেক অন্বেষণ হওয়াতে অল্পক্ষণে তাহার নিবাসস্থান অবগত হইয়া ঐ দূত রাজপত্র লইয়া তাহাকে ভেটিল। ঐ পত্রের সংবাদ এই যে হে ভদ্রে ঠাকুরাণি আপনি ধন্যা আমি আপনকার জন্যে বক্ষ্যমাণ সম্বাদ পাঠাইতেছি দশদিবসমধ্যে আপনি অমৃতবস্ত্রপরিহিতা হইয়া আপনার কর্ত্তার সাক্ষাৎ দাঁড়াইতে হইবে ইহা আপনার কর্ত্তা অপেক্ষা করেন।

ঐ দূত ঐ পত্র খ্রীষ্টীয়ানীর নিকটে পাঠ করণানন্তর সে যে স্বর্গীয় রাজার সত্য এক দূত এবং তাহাকে শীঘ্র করিয়া গমনার্থে আজ্ঞা করিতে আসিয়াছে ইহার এক যথার্থ চিহ্ন দর্শাইল। সেই লক্ষণ এই বিশেষতঃ ঐ দূত আসিয়া পহুঁছিবামাত্রেতে খ্রীষ্টীয়ানীর হৃদয়েতে স্নেহেতে মাখা এক তীক্ষ্ণশর টের না পায় এমত কোমলরূপে চালন করিল। ঐ শর খ্রীষ্টীয়ানীর হৃদয়েতে প্রবিষ্ট হইবামাত্রেতে তাহার মন এই মত আকৃষ্ট হইল যে নিরূপিত সময়ে তাহারে না গেলে নয় সে এই মত উৎকণ্ঠিতা হইল।

অপর খ্রীষ্টীয়ানী যখন দেখিল যে আমার সময় উপস্থিত হইয়াছে এবং আমার সহিত আগত তাবৎ যাত্রিরদের মধ্যে নদী পার হওনে আমার প্রথম আজ্ঞা হইয়াছে তখন সেই নিজপথপ্রদর্শক বৃহচ্চিত্তমহাশয়কে ডাকাইয়া তাবদ্বৃত্তান্ত অবগত করাইল। তাহাতে বৃহচ্চিত্ত খ্রীষ্টীয়ানীকে কহিলেন এই সম্বাদেতে আমার অত্যাহ্লাদ এবং আমার জন্যে যদি দূত আসিত তবে আমার আরো আহ্লাদ হইত। পরে খ্রীষ্টীয়ানী বৃহচ্চিত্তকে কহিল নদী পার হওনজন্যে আমার কিং প্রস্তুত করা কর্ত্তব্য এতদ্বিষয়ে পরামর্শ দিউন।

তাহাতে বৃহচ্চিত্তনামকমহাশয় খ্রীষ্টীয়ানীকে কহিলেন তো

মার অমুকং করিতে হইবে এবং অবশিষ্ট আমরা তোমার সহিত নদীতীরে যাইব।

পরে সে আপনার সকল সন্ততিরদিগকে নিকটে ডাকাইয়া তাহারদিগকে আশীর্ব্বাদ দিয়া কহিল হে বালকেরা তোমারদের কপালের চিহ্ন পাঠ করণেতে আমি অতিশয় শান্তা এবং এই স্থানে আমার সহিত তোমারদের দর্শনে এবং তোমরা যে আপনারদের বস্ত্র নিষ্কলঙ্ক রক্ষা করিয়াছ এতদ্বিষয় দর্শনে অতিশয় হৃষ্টচিত্তা আছি। পরে তাহার যে যৎকিঞ্চিৎ ছিল সে সকল দরিদ্রেরদিগকে দান করিয়া দূত আসিবামাত্রেতে তোমরা প্রস্তুত থাক এতদ্বাক্য আপনার পুত্র কন্যারদিগকে আজ্ঞা করিল।

কথিত বাক্য পথপ্রদর্শককে এবং আত্মসন্ততিরদিগকে কথনানন্তর খ্রীষ্টীয়ানী সত্যতার্থে বীর্য্যপ্রকাশক মহাশয়কে ডাকাইয়া কহিল হে মহাশয় আপনি সর্ব্বস্থানে আপনার সাধুচিত্ত দর্শাইয়াছেন মৃত্যুপর্য্যন্ত বিশ্বস্তমাত্র হউন তাহাতে আমার অধিপতি আপনাকে বিভববিশিষ্ট এক মুকুট দান করিবেন। তদ্ভিন্ন আমি প্রার্থনা করি যে আপনি আমার সন্ততিরদের উপরে চক্ষু রাখিবেন এবং শ্রান্ত হওনে তাহারদিগকে আপনি যদি কখনো দেখেন তবে তাহারদের সান্ত্বনা করিবেন। কিন্তু আমার জামাতার স্ত্রী আমার কন্যারা অতিবিশ্বস্তরূপে আচরণ করিয়াছেন তাহাতে ঈশ্বরের অঙ্গীকারের সম্পূর্ণতা তাহারদের শেষাবস্থার ফল হইবে পরে সে দৃঢ়স্থায়িমহাশয়কে আপনার অঙ্গুরীয়ক খুলিয়া দিল।

পরে খ্রীষ্টীয়ানী বৃদ্ধসত্যবাদিমহাশয়কে ডাকাইয়া কহিলেন কলঙ্ক যাহার মধ্যে নাই এই মত এক জন য়িশ্রাএলীয় আপনি। তাহাতে সত্যবাদিমহাশয় কহিলেন শীওনপর্ব্বত গমনার্থে নদী পার হওন দিবসে তোমার মঙ্গল যে হয় ইহা আমি প্রার্থনা করি এবং শুষ্কপদা হইয়া পার হওন দর্শনে আমি অতি

সন্তুষ্ট হইব। তাহা শুনিয়া খ্রীষ্টীয়ানী উত্তর দিল হউক জলাক্ত বা হউক শুষ্ক গমনে আমি অতিশয় বাঞ্ছা করি যেহেতুক আমার যাত্রায় যেমনি বা বায়ু বৃষ্টি হয় না কেন স্বর্গীয় রাজধানীতে পহুঁছিলে শ্রমনিবৃত্তি করণে এবং আত্মগাত্র বস্ত্রাদি শুষ্ক করণে আমার যথেষ্ট সময় থাকিবে।

পরে বৃদ্ধশিষ্ট হঠাৎস্থকিত মহাশয় খ্রীষ্টীয়ানীকে দেখিতে আইলেন তাহাতে খ্রীষ্টীয়ানী তাহাকে কহিল এতৎপর্য্যন্ত যাত্রায় আপনকার অতিকষ্ট হইয়াছে কিন্তু স্বর্গীয় রাজধানীতে পহুঁছিলে আপনকার কষ্টই মিষ্ট বোধ হইবে কিন্তু প্রহর দেওন দ্বারা সর্ব্বদাই প্রস্তুত থাকুন যেহেতুক আপনি অপেক্ষা না করেন এই মত সময়ে দূত আসিয়া পহুঁছিতে পারে।

তাহার পর আশাচ্যুতমহাশয় এবং মহাভীতানাম্নী তাঁহার কন্যা আসিয়া উপস্থিতা হইলেন। তাহারদিগকে দেখিয়া খ্রীষ্টীয়ানী কহিল নিরাশবীরের হস্তহইতে এবং সন্দেহনামক গড়হইতে নিস্তার হওন আপনকারদের অত্যাহ্লাদপূর্ব্বক চিরস্মরণীয় অনুগ্রহ। ঐ রূপ নিস্তারেতে আপনারা এই স্থানে স্বচ্ছন্দপূর্ব্বক আনীত হইয়াছেন অতএব এখনও প্রহরী হইয়া ভয়কে স্থান দিও না এবং পরিমিতাচারী হইয়া শেষপর্য্যন্ত ভরসা রাখ।

পরে খ্রীষ্টীয়ানী দুর্ব্বলচিত্ত মহাশয়কে কহিলেন আপনি ভদ্রবুনামক বীরের মুখহইতে যে নিস্তার পাইয়াছেন তাহার কারণ এই যে আপনি সর্ব্বজীবির আলোতে সর্ব্বদা জীব ধারণ করুন এবং শান্তিপূর্ব্বক স্বর্গীয় রাজাকে দেখিতে পাউন। মাত্র আমি আপনাকে এই পরামর্শ দি যে তিনি আপনকার জন্যে দূত প্রেরণপূর্ব্বে তোমার প্রতি তাঁহার মঙ্গল বাঞ্ছা আছে না আছে এতদ্বিষয়িকা আপনকার আশঙ্কা এবং সন্দেহবিষয়ে আপনি পরামনন করুন পাছে তাঁহার আগমনকালে আপনার এই দোষবিষয়ে আপনাকে লজ্জান্বিত হইয়া তাঁহার সাক্ষাৎ দাঁড়াইতে হয়।

অপর খ্রীষ্টীয়ানীর গমনদিবস উপস্থিত হইল তাহাতে খ্রীষ্টী য়ানীর বিদায়দর্শনার্থে পথ লোকেতে পরিপূর্ণ ছিল। কিন্তু দেখ খ্রীষ্টীয়ানীকে স্বর্গীয় রাজধানীদ্বারপর্য্যন্ত আগ বাড়াইয়া লও নার্থে ঊর্দ্ধহইতে আগত অশ্ব রথ ইত্যাদিতে নদীর অন্যতীর পরিপূর্ণ ছিল। পরে খ্রীষ্টীয়ানী নির্গতা হইয়া নদীসমীপ পর্য্যন্ত তাহার সহিত আগমনকারি সকলের বিদায় চিহ্ন দিয়া নদীতে প্রবিষ্টা হইল। তাহার বিদায় সময়ে শেষবাক্য এই হে প্রভো আপনকার সহিত বাসার্থে এবং আপনাকে স্তুতি করণার্থে আমি আসিয়াছি।

অপর খ্রীষ্টীয়ানীর নদী প্রবেশানন্তর তাহার সন্ততি এবং সহায় স্বস্থানে ফিরিয়া গেল যেহেতুক অন্য পারে খ্রীষ্টীয়ানীর অপেক্ষায় দণ্ডায়মানেরা ক্ষণেকের মধ্যে তাহাকে দৃষ্ট্যগোচরা করিয়াছিল। ঐ রীতিক্রমে পূর্ব্বেতে তাহার স্বামী খ্রীষ্টীয়ান যে রূপ আহ্লাদ এবং বাদ্য নৃত্য ইত্যাদি ঘটা সহকারে স্বর্গীয় রাজ ধানীদ্বারেতে প্রবিষ্ট হইয়াছিল সেমত ঘটাপূর্ব্বক ঊর্দ্ধগামিনী হইয়া খ্রীষ্টীয়ানী প্রবিষ্টা হইল।

খ্রীষ্টীয়ানীর গমনেতে বালকেরা ক্রন্দন করিতে লাগিল কিন্তু বৃহচ্চিত্তমহাশয় এবং বীর্য্যপ্রকাশকমহাশয় অতিসুশ্রাব্য তবলেতে এবং বীণাতে বাদ্য করিলেন। পরে সকলে আপনং নিবাসে ফিরিয়া গেলেন।

কিঞ্চিৎকাল পরে অন্য এক দূত সম্বাদ লইয়া নগরে আসিয়া পহুঁছিল ঐ দূতের কার্য্য হঠাৎস্থকিতমহাশয়ের সহিত ছিল। তাহাতে তাঁহার তত্ত্ব করিয়া উদ্দেশ পাওনানন্তর কহিল যষ্টিতে নির্ভর করিয়া যাঁহার অনুগত হইয়াছ এবং যাঁহাকে স্নেহ করিয়াছ তাঁহার স্থানহইতে আমি আসিয়াছি এবং তোমাকে কথনীয় সম্বাদ এই যে খ্রীষ্টপুনরুত্থানস্মারকপর্ব্বের পর দিবসে

তুমি যে তাঁহার রাজ্যে তাঁহার সহিত ভোজ করিবা ইহা তিনি অপেক্ষা করেন অতএব যাত্রাজন্যে প্রস্তুত হও।

পরে সে যে সত্যবাদি দূত ইহার এক চিহ্ন দিয়া কহিল আমি স্বর্ণ কটরাকে ভঞ্জন এবং রূপ্যরজ্জুকে শ্লথ করিয়াছি।

এই সমাচার প্রাপণানন্তর আত্মানুষঙ্গিরদিগকে ডাকাইয়া হঠাৎস্থকিতমহাশয় কহিলেন আমি আহূত হইয়াছি এবং ঈশ্বর তোমারদের প্রতি দৃষ্টিপাত করিবেন। তাহাতে তিনি বীর্য্যপ্রকাশকমহাশয়কে কহিলেন আমার অন্তিমকালের দানপত্র লিখুন। পরে বীর্য্যপ্রকাশকমহাশয় উপস্থিত হওয়াতে কহিলেন আমার উত্তরাধিকারিকে আমার যষ্টি এবং ভদ্রবাঞ্ছাব্যতিরেকে অন্য কিছু দানীয় না থাকাপ্রযুক্ত বক্ষ্যমাণরূপে লিখুন যে আমার পুত্র আমাহইতে বহুশিষ্ট এবং ভদ্রাচারী হয় এই নিমিত্তে আমার পাদবিক্ষেপে গমনকারি তাহাকে সহস্রভদ্রবাঞ্ছাপূর্ব্বক আমি এই যষ্টিদান করিয়া যাই।

পরে হঠাৎস্থকিতমহাশয় বৃহচ্চিত্তমহাশয়ের স্নেহবিশিষ্ট আচারপ্রযুক্ত তাঁহাকে স্তুতি করিয়া তাঁহার অগ্রসর হইলেন। পরে তিনি নদীতীরে উপস্থিত হইয়া কহিলেন ওপারে আমার আরোহণাপেক্ষায় অশ্বরথ থাকাপ্রযুক্ত এই যষ্টিতে এখন আমার আর প্রয়োজন হইবে না। তাঁহার শেষ বাক্য এই যে হে অনন্ত জীবন আসুনং ইহা কহিয়া তিনি অন্তর্ভূত হইলেন।

তৎপরে দুর্ব্বলচিত্তমহাশয়ের নিকটে সম্বাদ আইল যে দূত আপনকার শালার দ্বারেতে আহ্বানকারি শৃঙ্গ বাজাইতেছে। পরে সে দূত অন্তরে আসিয়া তাঁহাকে কহিল আমি তোমাকে এই সম্বাদ দিতে আসিয়াছি যে তোমাতে আমার কর্ত্তার প্রয়োজন আছে এবং তল্লক্ষণের মধ্যে তাঁহার মুখ তোমাকে অতিপ্রতাপে দেখিতে হইবে এবং আমার সম্বাদ যে সত্য বক্ষ্যমাণ বাক্য তা

হার প্রমাণ জানিবা বিশেষতঃ যাহারা গবাক্ষ দিয়া দৃষ্টি করে তাহারা অন্ধ হইবে

তাহা অবগত হইয়া দুর্ব্বলচিত্তমহাশয় আপনার বন্ধুরদিগকে ডাকাইয়া আপনার নিকটে আনীত সম্বাদ এবং তাহা যে সত্য এতদ্বিষয়েও যেং চিহ্ন পাইয়াছিলেন এই সমস্ত কহিয়া দিলেন। পরে কহিলেন আমার কোনো কাহারে দানার্থে কোনো কিছু না থাকাতে আমার দানপত্র লিখিবার প্রয়োজন কি আমার এক দুর্ব্বল চিত্ত আছে বটে কিন্তু তাহা আমি পশ্চাৎ ফেলিয়া যাইব যেহেতুক গন্তব্য স্থানেতে তাহাতে আমার কোনো প্রয়োজন নাই এবং সর্ব্বাপেক্ষা দীনহীন যাত্রিকে দানযোগ্য নয় অতএব আমি গেলে পর হে বীর্য্যপ্রকাশক মহাশয় আমি এই প্রার্থনা করি যে আপনি তাহা গোময় ঢিপিতে গাড়িয়া রাখিবেন। ঐ সমস্ত কার্য্য সিদ্ধ হইলে এবং তাঁহার প্রস্থানদিবস স্থির হওয়াতে তিনি অন্যেরদের মত নদীতে প্রবিষ্ট হইলেন। প্রত্যয় এবং ধৈর্য্য তোমরা চিরস্থায়ী হও এই বাক্য সর্ব্বশেষে কহিয়া অন্য পারে গেলেন।

তাহার পরে অনেক দিবস গত হইলে আশাচ্যুতমহাশয় আহূত হইলেন যেহেতুক বক্ষ্যমাণ সম্বাদ লইয়া এক দূত আসিয়া পহুঁছিয়াছিল হে কম্পমান মনুষ্য আপনার সমস্ত সন্দেহ হইতে নিস্তারজন্যে হর্ষনাদকরণার্থে আগামি রবিবারে আপনকার রাজার সহিত সাক্ষাৎ করণাজ্ঞা এই।

পরে ঐ দূত কহিল আমার সম্বাদ যে সত্য তাহার প্রমাণার্থে ইহা গ্রহণ করিবা ইহা কহিয়া সে তাঁহার প্রতি ভারবোধনিমিত্তে এক ফড়িঙ্গ দিল। পরে মহাভীতানাম্নী আশাচ্যুতমহাশয়ের কন্যা তৎসম্বাদ অবগতা হইয়া কহিল আমিও আমার পিতার সহিত যাইব। অপর আশাচ্যুতমহাশয় আপনার বন্ধুবান্ধবেরদিগকে কহিলেন হে বান্ধবেরা আপনারা আমারদের বিষয় অব

গত আছেন এবং সর্ব্বলোকের নিকটে আমরা যেপ্রকার দুঃখদা য়ক হইয়াছি তাহাও অতএব এইক্ষণে আমার এবং আমার কন্যার বাঞ্ছা এই যে আমারদের সন্দেহ এবং নিরর্থকাশঙ্কাসমস্ত আমারদের মরণদিবসাবধি চিরকাল কোনো মনুষ্যকর্ত্তৃক গৃহীত না হয় কেননা আমি জানি যে আমার মরণের পরে ঐ সমস্ত অন্য লো কেতে প্রবিষ্ট হওনে বাঞ্ছা করিবে। যেহেতুক আপনাকে যথার্থ কহিতে গেলে আমরা যখন প্রথম যাত্রিবেশ ধারণ করিয়াছিলাম তখন ঐ নিরাশ এবং আশঙ্কাসমস্ত আমরা অতিথি করিয়াছি লাম এবং তৎপরে আমরা কখনো তাহারদিগকে ঝাড়িয়া ফেলি তে পারিলাম না ঐ সমস্ত ইতস্ততো গমন করিয়া যাত্রিরদের স্থানে অতিথি হওনে চেষ্টা করিবে কিন্তু আমারদিগকে যদি আপনারা ভাল বাসেন তবে তাহারদের প্রতিকূলে দ্বার রুদ্ধ করিবেন।

পরে তাহারদের প্রস্থানের সময় উপস্থিত হইলে তাহারা নদী তীরসমীপে গেল। আশাচ্যুতমহাশয়ের শেষ বাক্য এই হে নি শে বিদায় হই হে দিবস আসুনং পরে তাঁহার কন্যা গান করি তেং নদী পার হইল কিন্তু সে কি কহিল ইহা কেহ বুঝিতে পা রিল না।

অপর এই মত ছিল কিঞ্চিৎকালপরে সত্যবাদিমহাশয়ের অন্বেষণে এক দূত আসিয়া নগরে উপস্থিত হইল। ঐ দূত সত্য বাদিমহাশয়ের গৃহে উপস্থিত হইয়া তাঁহার হস্তে বক্ষ্যমাণ বা ক্যলিখিত পত্র দিল। অদ্য সপ্তাহ দিবসে আপনকার কর্ত্তার পি তার গৃহে আপনাকে তাঁহার সম্মুখে দণ্ডায়মানার্থে প্রস্তুত হইতে হইবে এবং আমার এই সম্বাদ যে সত্য তাহার চিহ্ন এই বাদ্য বিদ্যায় নিপুণা তাবৎ কন্যারা নম্রীভূতা হইবে। পরে সত্যবা দিমহাশয় আপনার বন্ধুবান্ধবেরদিগকে ডাকাইয়া কহিলেন আমি মরিতেছি কিন্তু কোনো মুমূর্ষুপত্র রাখিয়া যাইব না। কিন্তু সত্যবাদিত্ব বলিয়া এক বিষয় আমার আছে তাহা আমি সঙ্গে

লইয়া যাইব আমার পশ্চাদাগামি যাত্রিরা এতদ্বিষয় অবগত হউন। অপর তাঁহার যাত্রা করণ দিবস উপস্থিত হইলে সত্য বাদিমহাশয় নদী পার হওনার্থে উদ্যোগ করিতে লাগিলেন। আরো কহি সত্যবাদিমহাশয় তন্নদী পার হইয়া যাওন সময়ে তন্নদীতীর স্থানেং বন্যাতে আচ্ছন্ন হইয়াছিল কিন্তু তিনি জীবৎ সময়ে তন্নদীতীরে আপনার সহিত মিলনার্থে নিষ্ঠান্তঃকরণনামক এক ব্যক্তিকে কহিয়া রাখিয়াছিলেন তাহাতে ঐ সময় ঐ ব্যক্তি উপস্থিত হইয়া স্বহস্ত দিয়া তাঁহার সাহায্য করিয়া পার করাই লেন। সত্যবাদিমহাশয়ের শেষবাক্য এই অনুগ্রহ সর্ব্বজয়ী হউন ইহা কহিয়া তিনি লোকপরিবর্ত্তন করিলেন।

তৎপরে নগরেতে প্রখ্যাত ছিল যে সত্যবাদিমহাশয়ের জন্যে আগমনকারি পূর্ব্ব দূত সত্যতার্থে বীর্য্যপ্রকাশকমহাশয়ের জন্যে সম্বাদ লইয়া উপস্থিত হইয়াছে এবং তাহার সম্বাদ যে সত্য এতৎপ্রমাণার্থে তাহার স্থানে বক্ষ্যমাণ চিহ্ন ছিল যে উনইতে আপনকার ঘট ভগ্ন হইয়াছে। ঐ সম্বাদ অবগত হইয়া বীর্য্যপ্রকাশকমহাশয় আপনার বন্ধুবান্ধবেরদিগকে ডাকিয়া পাঠাইয়া তাহারদিগকে কহিলেন যে আমি আপনার পিতার স্থানে যাইতে ছি এবং অতিদুঃখকষ্টপূর্ব্বক এইস্থানে পহুঁছিলেও তদ্দুঃখকষ্ট বিষয়ে এইক্ষণে আমার যৎকিঞ্চিৎ অনুতাপ নাই। আমার উত্তরাধিকারী হইয়া যেই জন যাত্রিবেশ ধারণ করে তাহাকে আমি আপনার খড়্গ এবং যে ব্যক্তি আক্রমণ করণে সমর্থ তাহাকে আমি আমার সাহস এবং নিপুণতা দান করিয়া যাই। তদ্ভিন্ন এইক্ষণে আমার ফলদাতা যিনি আমি যে তাঁহার সংগ্রাম সমস্ত উত্তমরূপে করিয়াছি তাহার প্রমাণার্থে আমি আপন ক্ষত চিহ্নাদি সঙ্গে করিয়া লইয়া যাই। অপর নগরহইতে প্রস্থান দিবস উপস্থিত হইলে নগরস্থ অনেকে তাঁহার সঙ্গে নদীতীরপর্য্যন্ত গেল ঐ নদীতে প্রবেশকালে তিনি কহিলেন হে মৃত্যো তোমার

হল কোথায় পরে কিঞ্চিদ্গভীর জলেতে পহুঁছিয়া কহিলেন হে কবর তোমার জয়ৎকারধ্বনি কোথায় এতদ্রূপে তিনি নদী পার হইলে অন্যপারস্থ তাবত্তূরী তাঁহার গুহণার্থে বাজিতে লাগিল।

অপর দৃঢ়স্থায়িমহাশয়ের জন্যে খোলা এক সম্বাদ আসিয়া পহুঁছিল ঐ দৃঢ়স্থায়িমহাশয়কে যাত্রিরা আগমনকালে অষ্টীবদ্গত হইয়া প্রার্থনা করত প্রাপ্ত হইয়াছিল। ঐ সম্বাদপত্রের বৃত্তান্ত এই যে লোকপরিবর্ত্তনার্থে তোমাকে প্রস্তুত হইতে হইবে যে হেতুক আত্মকর্ত্তাহইতে তোমার আর এত দূর থাকাতে তাঁহার সন্তোষ নাই। ঐ কথা শুনিয়া দৃঢ়স্থায়িমহাশয় আলোচনা করিতে লাগিলেন তাহা দেখিয়া ঐ দূত কহিল যে আমার এই সম্বাদের যথার্থাযথার্থবিষয়ে আপনকার কোনো সন্দেহ নাই যে হেতুক তৎপ্রমাণার্থক চিহ্ন দর্শন করুন তোমার চক্র জলাশয়েতে ভগ্ন হইয়াছে। ঐ কথা শুনিয়া তিনি যাত্রিরদের পথপ্রদর্শক বহুচ্চিত্তমহাশয়কে ডাকাইয়া কহিলেন হে মহাশয় আমার যাত্রাকালে আপনকার সহিত আমার ভাগ্যে বহুসহায়তা না থাকিলেও যাবৎ আপনকার সহায়তা প্রাপ্ত হইয়াছিলাম তাবৎ আমি অত্যুপকারপ্রাপ্ত ছিলাম। আমি যখন আপন গৃহ ত্যাগ করিলাম তখন এক স্ত্রী এবং পাঁচক্ষুদ্ বালক ছাড়িয়া আসিয়াছিলাম অতএব আমি মিনতি করি আপনি যখন ফিরিয়া যান তখন আমার পরিবারের স্থানে আমার যাহাং ঘটিয়াছে এবং ঘটিবে এতদ্বিষয়সমস্ত অবগত করাইবেন যেহেতুক আমি নিশ্চয় জানি যে আপনি আপনকার কর্ত্তার আরো যাত্রিরদের পথপ্রদর্শক হউন এই আশয়ে তাঁহার বাক্যে ফিরিয়া যাইতেছেন। তদ্ভিন্ন আমি যে এই স্থানে স্বচ্ছন্দপূর্ব্বক আসিয়া পহুঁছিয়াছি এবং পূর্ব্বে যে প্রকার ছিলাম এবং এইক্ষণে যে প্রকার সদানন্দাবস্থায় আছি এই সমস্ত কহন। আরো খ্রীষ্টীয়ানের এবং খ্রীষ্টীয়ানী নাম্নী তাহার ভার্য্যাবিষয়ে এবং সে এবং তাহার সন্ততি যে তাহার স্বামির

পশ্চাদ্বর্ত্তী হইয়া আসিয়াছে এবং শৈষাবস্থায় তাহার যে প্রকার আনন্দ হইয়াছিল এবং এইক্ষণে সে কোথায় গিয়াছে এইং সমস্ত সম্বাদ তাহারদিগকে কহিয়া দিবেন এতদ্ভিন্ন আমার প্রার্থনা এবং অশ্রুব্যতিরেকে আমার পরিবারেরদের স্থানে প্রেরণার্থে কিছু নাই। ঐ অশ্রু যদি তাহারদিগকে পরাস্ত করে তবে আপনি তদ্বিষয়মাত্র জ্ঞাত করাইলে যথেষ্ট ইহা অনুমান হয়।

অপর কথিত রীতিক্রমে দৃঢ়স্থায়িমহাশয় আপনার তাবৎ সংস্থান ব্যবস্থা করিলে এবং তাঁহার গমনসময় উপস্থিত হইলে তিনিও নদীতীরে গেলেন। দৃঢ়স্থায়িমহাশয় নদীতীরে পহুঁছন সময় অতিনির্ব্বাত ছিল তাহাতে তিনি নদীমধ্যস্থানে পহুঁছিয়া ক্ষণেক দাঁড়াইয়া তন্নদীসমীপপর্য্যন্ত আপনার সহিত আগমনকারি আত্মসহায়েরদের প্রতি চাহিয়া কথোপকথন করিতে লাগিলেন যে এই নদী অনেকের ভয়ের কারণ হইয়াছে অধিক কি কহিব তদ্বিষয়ক ভাবনা আমাতেও অনেক আশঙ্কা জন্মাইয়াছে কিন্তু এইক্ষণে আমি দৃঢ় এবং সহজরূপে দণ্ডায়মান আছি বিশেষতঃ য়িশ্রাএল যখন এই য়রদন্ নদী পার হইল তখন নিয়মসিন্দুকবাহিযাজকেরদের যদুপরি পাদদ্বারা দণ্ডায়মান ছিল তদুপরি আমার পাদ অতিদৃঢ়রূপে স্থাপিত আছে। ওষ্ঠেতে এতন্নদীর জল তিক্ত এবং আমাশয়ে শীতল বটে কিন্তু যদ্ভোগার্থে আমি যাইতেছি এবং অন্য পারে আমার নিমিত্তে যদ্যৎ প্রকার আয়োজন হইতেছে তদ্বিষয়ক আশা আমার অন্তঃকরণে জ্বলন্ত অঙ্গারবৎ বোধ হয়।

আমি দেখিতেছি যে এখন আমি যাত্রার অন্ত প্রাপ্ত হইয়াছি আমার দুঃখকষ্টের দিবস উত্তীর্ণ হইয়াছে। আমার জন্যে যাঁহার মস্তক কণ্টকমুকুটেতে বিভূষিত হইয়াছিল এবং থুথুতে আবৃত হইয়াছিল তাঁহার স্থানে আমি এইক্ষণ যাইতেছি।

পূর্ব্বে আমি পরবাক্যে এবং প্রত্যয়দ্বারা কাল যাপন করিয়া ছিলাম কিন্তু এইক্ষণে যে স্থানে চাক্ষুষদ্বারা কালযাপন করিব এবং যাঁহার সম্ভাষে আমার সন্তোষ হইবে তাঁহার স্থানে আমি যাইতেছি।

ইহার পূর্ব্বে আমার প্রভুর প্রশংসা যখন অন্য লোকেতে করিয়াছে তাহাতে আমার অত্যাহ্লাদ জন্মিয়াছিল এবং তৎপরে পথেতে আমি যেং স্থানে তাঁহার পদচিহ্ন দেখিয়াছি সেইং স্থানে পদবিক্ষেপ করণে বহুবাঞ্ছা করিয়াছি।

তাঁহার নাম আমার প্রতি আতরের ডিবিয়া অপেক্ষা এবং সর্ব্বপ্রকার সুগন্ধ্যাপেক্ষা মিষ্ট বোধ হইয়াছে তাঁহার রব আমার প্রতি অতিমধুর এবং সূর্য্যের আলো দর্শনেচ্ছুক লোকাপেক্ষা আমি তাঁহার মুখদর্শনে অধিক বাঞ্ছা করিয়াছি। ভক্ষণার্থে এবং পীড়া উপস্থিতা হইলে তন্নিবৃত্ত্যর্থে আমি তাঁহার বাক্য সংগ্রহ করণে ব্যবহার করিলাম। তিনি আমাকে সুরক্ষণ করিয়া আমার পাপহইতে রক্ষা করিয়াছেন অধিক কি কহিব তাঁহার তাবৎ পথেতে আমার পাদবিক্ষেপ বলবান হইয়াছে।

অপর ঐ দৃঢ়স্থায়িমহাশয় কথিতরূপে কথোপকথন করিতেছিলেন ইতোমধ্যে তাঁহার বদন প্রকারান্তর হইল এবং অতিবলবত্তর মনুষ্য হইলেও ক্ষণেকের মধ্যে নত হইলেন। পরে আমাকে গ্রহণ করুন যেহেতুক আমি আপনকার নিকটে আসিতেছি এই কথা কহিয়া তিনি দর্শনকারিলোকেরদের দৃষ্ট্যগোচর হইলেন।

কিন্তু সে যাহা হউক যাত্রিরদের ঊর্দ্ধগমন সময়ে এবং ক্রমশঃ যাত্রিরদিগের একের পর এককে রাজধানীর সৌন্দর্য্যবিশিষ্ট দ্বারেতে আগে বাড়িয়া লওনের নিমিত্তে উপরিস্থ আকাশ আগমনকারি অশ্বেতে এবং রথেতে এবং তূরীবাদকেতে এবং সানাই বাদকেতে এবং গায়কেতে এবং বেহালা বীণা ইত্যাদি

রজ্জুবিশিষ্ট বাদ্যকারিলোককেতে যে প্রকার পরিপূর্ণ ছিল এতদ্দর্শন যেমন রমণীয় ইহা বর্ণনা করা অসাধ্য

অপর খ্রীষ্টীয়ানী যে সন্ততি চতুষ্টয় এবং তাহারদের বধূসন্ততি প্রভৃতি সঙ্গে করিয়া আনিয়াছিল ইহারদের নদীপার হওন পর্য্যন্ত আমি দণ্ডায়মান স্থানে রহিলাম না। কিন্তু সেই স্থান হইতে আগমন পরে আমি এক জনের প্রমুখাৎ শুনিয়াছি যে তাহারা অদ্যপর্য্যন্ত বাঁচিয়া আছে এবং তাহারা যে স্থানে ছিল সেই স্থানে মণ্ডলীর বর্দ্ধনার্থে কতক কাল অবস্থিতি করিবে।

ইহার পরে ভাগ্যক্রমে সে পথ হইয়া যদি আমার গমনাবশ্যক থাকে তবে এই স্থানে আমি এইক্ষণে যদ্বিষয়ে বহুবিস্তার করিতে পারি না তদ্বিষয়ক আখ্যায়িকা শ্রবণাকাঙ্ক্ষি লোকেরদিগকে দিব। ইত্যবসরে হে পাঠক মহাশয়েরা বিদায় হই। ইতি যাত্র্যগ্রসরণনামক গ্রন্থের দ্বিতীয় ভাগ সমাপ্ত।

যাত্র্যাণুসরণনামক গ্রন্থকর্ত্তার সংক্ষেপ বিবরণ।

যাত্র্যাণুসরণবিবরণ গ্রন্থ এবং অন্যং অনেক গ্রন্থরচনাকর্ত্তা য়ো হন্ বন্যান্ নামক অতিখ্যাত্যাপন্ন ব্যক্তি ১৬২৮ শালে বেদ্ফোর্দ নামক নগরহইতে ক্রোশার্দ্ধান্তর এল্ষ্টোনামক গ্রামে অতিনীচ কুলে জন্মিয়াছিলেন তাঁহার পিতা তৈজসপাত্র ঝালিয়া বেড়াইতেন। তথাপি তাঁহার পিতামাতা লেখা পড়াবিষয়ে আত্মসংস্থানানুসারে তাঁহাকে শিক্ষা দিয়াছিলেন কিন্তু তাঁহার দুষ্টমতি এই মত বর্দ্ধিতা হইয়াছিল যে তিনি অল্পদিনের মধ্যে লেখাপড়া তাবৎ প্রায় ভুলিয়া গেলেন এবং বালককালাবধি সমস্ত প্রকার নীচব্যবহারেতে বিশেষতঃ পরের শাঁপ দেওনেতে এবং সর্ব্বদা ঈশ্বরের নিন্দাকরণে তিনি এইমত রত ছিলেন যে তাঁহার সর্ব্বাপেক্ষা দুষ্টানুষঙ্গিরদের অপেক্ষা অধিক দুষ্ট ছিলেন। তিনি আপনার বিষয় কহিতেন যে আমি নগরস্থ সর্ব্বাপেক্ষা উত্তম পাষণ্ড এবং অল্পকালমধ্যে অসৎকার্য্যেতে এই মত নিপুণ হইলেন যে তাঁহার পরিচিত সৎপ্রতিবাসিরা তাঁহাকে ত্যাগ করিতে লাগিলেন এবং তিনি সমস্ত প্রকার অসৎ এবং পাষণ্ড কার্য্যকারিরদের অগ্রগণ্য ছিলেন।

তথাপি ঐ সমস্ত অসঙ্গত দুষ্ট কার্য্যের মধ্যে ঈশ্বর তাঁহার মনোমধ্যে আপনাকে সাক্ষারহিত রাখিলেন না। ঐ য়োহন্ বন্যানের অন্তঃকরণে অনেক বাধা এবং নরকবিষয়ক অনেক ভয়জনক

আশঙ্কা উপস্থিতা হইল। অপর পাপকর্ম্মে অনেক কালযাপন করাতে তাঁহার স্বপ্নপ্রভৃতি কখনোং অতিভয়ঙ্কর হইত এবং দুষ্কর্ম্মেতে এবং অপকর্ম্মেতে নিমগ্ন তাঁহার অত্যাহ্লাদসময় মৃত্যু বিষয়ক এবং বিচারদিবসবিষয়ক চিন্তা তাঁহার মনে উপস্থিতা হইত। কথিতরূপে দুষ্ট হইলেও ঈশ্বর অত্যাশ্চর্যরূপে অনেক বার তাঁহাকে মৃত্যুহইতে রক্ষা করণেতে তাঁহারপ্রতি দণ্ডের সহিত অনুগ্রহও অতিকৃপাপূর্ব্বক মিশ্রিত করিলেন তাহা বিশেষিয়া কহি একবার বেদফোর্দনামক নগরসমীপে ঔস্নামক নদীতে পতন দ্বারা এবং অন্য এক বার সমুদ্রের এক খালেতে পতনদ্বারা তিনি প্রাণমাত্র লইয়া বাচিয়াছিলেন। অপর ১৬৩৫ শালে সতের বৎসর বয়স্ক সময়ে তিনি মহাসভ্যেরদের সৈন্যকার্য্যে প্রবিষ্ট হইলেন এবং লিস্তরনামক নগর আক্রমণসময়ে অন্যত্র প্রহর দেওনার্থে বৃহস্থ সৈন্যহইতে ভিন্ন হওয়াতে এবং তাঁহার সম্মতিতে অন্য এক সেনা তৎপদে নিযুক্ত হওয়াতে তিনি বাঁচিয়া গেলেন যেহেতুক তাঁহার পদে নিযুক্ত সেনা গোলার দ্বারা মস্তকে বিদীর্ণ হইয়া মরিল।

কিন্তু দণ্ডেতে বা অনুগ্রহেতে তাঁহার কঠিন অন্তঃকরণে কিছু স্থির প্রবোধ জন্মিল না। পাপের আপদ্ এবং দুষ্টতাবিষয়ে তিনি অচেতনমাত্র ছিলেন না কিন্তু সর্ব্ব প্রকার ভারিবিষয়ের শত্রু ছিলেন। অধিক কি কহিব ধর্ম্মাবলম্বী হওনের চিন্তা বা তৎপ্রকার চিন্তায় নিমগ্ন অন্য কোনো কাহাকে দেখিলেও তাহা তাঁহার প্রতি অত্যসহ্যভারবদ্বিষয় বোধ হইত।

অপর ধার্ম্মিক বলিয়া প্রসিদ্ধ ছিল এইমত পিতা মাতাবিশিষ্টা এক স্ত্রীর সহিত তাঁহার বিবাহ হওয়াতে তাঁহার নূতন সদ্বৃত্তাবলম্বনের প্রথম কারণ ছিল। তাঁহারা দুই জনে অতিদরিদ্র ছিল এবং বন্যান্ আপনি কহিয়াছেন যে আমারদের দুই জনের দুই

পাত্র বা দুই চামচের সংস্থান ছিল না ঐ স্ত্রীর আত্মপিতার মরণ কালে তাঁহাকে দত্ত ধর্ম্মানুশীলনধারা এবং স্বর্গগমনে সরললোক পথনির্ণয় নামে দুই গ্রন্থ ছিল। ঐ গ্রন্থ তাঁহারা উভয়ে কখনোং পাঠ করিতেন এবং ঐ কালেও আপন নষ্টবিষয়ে এবং বহিয়া যাওন অবস্থাবিষয়ে আত্মমনোমধ্যে নিশ্চিত না হইলেও ঐ গ্রন্থ দ্বয় পাঠ করণেতে এবং শাবতদিবস না মাননবিষয়ে এক উপ দেশ শ্রবণেতে তিনি পূর্ব্বরীতি ত্যাগ করণে এবং আমাকে স্বর্গে পহুঁছাওনে যথেষ্ট এমত তৎকালে তৎকর্ত্তৃক অনুমেয় কতকগুলিন ধর্ম্ম আচার করণে বাঞ্ছা করিলেন। কথিত প্রবৃত্তি তৎপ্রবৃত্তি গু হণ শাবতদিবসের সন্ধ্যাকালব্যাপিয়ামাত্র তাঁহাকে আপন প্রিয় তম কদাচারহইতে সুরক্ষা করণে অক্ষম ছিল। অপর কোনো এক বিশেষক্রীড়াতে নিমগ্নসময়ে বক্ষ্যমাণ বাক্য তাঁহার অন্তঃকরণে এমত প্রবিষ্ট হইল যে তিনি ভাবিলেন আমি স্বর্গহইতে একশব্দ শুনিয়াছি বিশেষতঃ তুমি আপনার পাপ ত্যাগ করিয়া স্বর্গে যাইবা বা আপনার পাপসুদ্ধ নরকে যাইবা এই বাক্যেতে তাঁহার অন্তঃ করণ অতিশয় ঘোরতর উৎকণ্ঠিত হইল কিন্তু কিঞ্চিৎপরে শয়তান হইতে এক ভাবনা তাহার মনে উপস্থিতা হইল যে তোমার পাপ অতিশয় তুমি অপার পাপী স্বর্গ অন্বেষণবিষয়ে তোমার সময় বহিয়াগিয়াছে এবং তোমার পাপক্ষমা অনুগ্রহের অসাধ্য কার্য্য। তাহাতে তিনি এমত নিরাশ হইলেন যে আত্মমনোমধ্যে বক্ষ্যমাণবিষয় স্থির করিলেন আমি যদি পাপ ত্যাগ করি কিম্বা যদি আত্মপাপেতে অবস্থিতি করি তবে দুর্দশা গ্রস্ত হইব অতএব তিনি আত্মচিত্তমধ্যে স্থির করিলেন যে ইহার অধিক আমি আর সুখ পাইব না অতএব তাহাতে আত্মমনোভিলাষ পূর্ণ করিব। এস্থানে কথনোপযুক্ত যে কথিতরূপ পরাক্ষাদ্বারা অনেকে নষ্ট হয় যেহেতুক তাহারদের বাক্য বক্ষ্যমাণ বাক্য সদৃশ জানিবেন। আর ভরসা নাই। না নাই। যেহেতুক আমরা পরপশ্চাদ্গামী হই য়াছি এবং পরের পশ্চাদ্গমন করিব। কোনো ভরসা নাই কিন্তু

আমরা আপনারদের মনের সঙ্কল্পানুসারে চলিব এবং আমরা প্রত্যেকে আত্মদুষ্টান্তঃকরণের বাঞ্ছানুসারে করিব। য়িরমিয়াহ্ আচার্য্য বাক্যের দ্বিতীয় পর্ব্বের ২৫ পদ এবং আঠার পর্ব্বের ১২ পদ পাঠ করিয়া দেখুন। না জানি কথিত পণানুসার পণের সর্ব্বনাশ কত।

অপর ঐ বন্যান্ অত্যাহ্লাদামোদপূর্ব্বক এবং নিষ্কণ্টকে কি প্রকারে পাপ করিব ঐ চেষ্টায় এবং পাপ করণে পরিতৃপ্ত নহি এই আক্রোশে খিদ্যমান হইয়া মাসক্ষণেক যাপন করিলেন ঐ সময়ের মধ্যে অতিশয় পাপিনী এক স্ত্রীলোক কর্ত্তৃক তিনি আত্মান্তঃকরণে বড় জব্দ হইলেন। ঐ স্ত্রী স্বয়ং অতিদুষ্টা হইলেও ঐ বন্যান্ এক জন পুতিবাণির দোকানের নিকটে দাঁড়াইয়া অতিশয় পাষণ্ডতাপূর্ব্বক এমত শপথ কাড়িল যে তাহাতে সে অতিভয়াকৃষ্টা হইয়া তাঁহাকে কহিল পাষণ্ডবিষয়ে তোর মত লোক আমি তাবদ্বয়ঃক্রমে দেখি নাই শুনি নাই এবং তোর সহিত সম্ভাষ করিলে তোর সম্ভাষেতে তাবন্নগরস্থ যুবলোকেরদের মন নষ্ট হওনে যথেষ্ট। তদ্রূপ অনুযোগ তদ্রূপলোকের মুখহইতে নির্গত হওয়াতে তিনি অবাক্ হইলেন তাহাতে ঐ সময়াবধি তিনি পাষণ্ডতাচরণে কিয়ৎপ্রকারে ক্ষান্ত হইলেন কিন্তু তৎপূর্ব্বে পাষণ্ডতাব্যতিরেকে এক কথাও কহিতে পারিতেন না।

ঐ সময়ে তিনি অত্যাশ্চর্য্য কতকগুলিন স্বপ্ন দেখিয়াছিলেন বিশেষতঃ যে ভূমি কম্পমানা হইয়া আত্মমুখ ব্যাদান করিয়া আমাকে গ্রাস করে এবং জগতের শেষ এবং বিচারদিবস উপস্থিত হইয়াছে এতদ্রূপ চিন্তা তাহার স্বপ্নেতে উপস্থিতা হইল। তদ্ভিন্ন তিনি একবার স্বপ্ন দেখিলেন যে আমি শাপগ্রস্তেরদের মধ্যে অগ্নিকুণ্ডে পতিত হইতেছি কিন্তু জাজ্বল্যমান শুক্ল বস্ত্রেতে পরিহিত এক জন আসিয়া জ্বলন্ত অঙ্গারবৎ আমাকে অগ্নিহইতে অকস্মাৎ মুক্ত করিলেন। ঐ স্বপ্নেতে চিরস্মরণীয় প্রবৃত্তি তাঁহার মনেতে উপস্থিতা

হইল এবং অনুমান হয় যে ঐ স্বপ্নদ্বারা চিত্তমধ্যে উৎকণ্ঠিত হওয়াতে তিনি তৎপর কিয়দ্বর্ষ আপনার সর্ব্বাপেক্ষা নিপুণতা পুদর্শনকারি যাত্র্যাগুসরণনামক গুন্থ স্বপ্নদর্শনানুক্রমে রচনা করিয়া পুকাশ করিলেন।

কিঞ্চিৎকালপরে তিনি খ্রীষ্টীয়ানধর্ম্মাবলম্বি এক দরিদ্রলোকের সহিত পরিচিত হইলেন ঐ লোকের ধর্ম্মবিষয়ক এবং ধর্ম্ম পুস্তকবিষয়ক কথোপকথন তাঁহার মনকে এই মত আকৃষ্ট করিল যে তিনি স্বয়ংই অতিশয় মনোযোগপূর্ব্বক ধর্ম্মপুস্তক বিশেষতঃ তাহার ইতিহাসাংশ পাঠ করিতে লাগিলেন তথাপি তিনি আত্মস্বভাবের দুষ্টতাবিষয়ে মূর্খ ছিলেন এবং তজ্জন্যেও তারণ কর্ত্তাস্বরূপ যিশু খ্রীষ্টের পুয়োজন এবং বহুমূল্যতাবিষয়েও।

অপর কথিত বাক্যসমস্ত যাহা হউক কিঞ্চিৎপরে বন্যানের আবদাচরণবিষয়ে সুপরিবর্ত্তন হইল এবং তৎপরিবর্ত্তন এই মত আশ্চর্য্য ছিল যে তাঁহার পুতিবাসিরা তাহা দেখিয়া আশ্চর্য্য জ্ঞান করিয়া বারম্বার তদ্বিষয়ে তাঁহার পুশংসা করিল। ঐ পুশংসাতে তিনি অতিশয় অহঙ্কারী হইয়া ভাবিতে লাগিলেন যে আমি উত্তম খ্রীষ্টীয়ান এবং তাঁহার আপন বাক্য ব্যবহার করিতে গেলে তিনি কহিতেন যে তাবৎইংগ্লণ্ড রাজ্যে আমার মত ঈশ্বরকে কেহ পরিতুষ্ট করিতে পারে না। কিন্তু ঐ তাবৎ পরিবর্ত্তন কেবল গাছের ডালপালা ঝাড়া সদৃশ ছিল তত্তাবৎ কাল অপুনর্জনিত স্বভাবের মূল তাঁহার মধ্যে অবস্থিতি করিল। অপর অনেক কষ্টে এবং অত্যল্পেং তিনি আপনার অতিপ্রিয় নৃত্য এবং ঘণ্টাবাজান ব্যবসায় ত্যাগ করিলেন তাহার মধ্যে ঘণ্টাবাদ্য ব্যবসায় তিনি বক্ষ্যমাণ ভয়েতে ত্যাগ করিলেন বিশেষতঃ পাছে ধর্ম্মশালাস্থ কোনো এক ঘণ্টা বা তদ্ঘণ্টার আধার স্থান ধর্ম্মশালার চূড়া আমার উপরে পড়িয়া আমাকে চূর্ণ করে কিন্তু ঐ তাবৎসময় তিনি কেবল আত্মধর্ম্মমাত্র স্থাপনে চেষ্টা

করিয়া বেড়াইলেন। হিতোপদেশের ত্রিশ পর্ব্বের ১২ পদে শলমন্ বক্ষ্যমাণ বাক্যেতে যাহারদের বিষয়ে কহিয়াছেন যে তাহারা আপনারদের চক্ষুতে পরিষ্কৃত তথাপি আপনারদের অপরিষ্কৃতত্বহইতে পরিষ্কৃত হয় নাই এই মত বংশীয় লোক তিনি তৎকাল পর্য্যন্ত ছিলেন।

পূর্ব্ব কথিত ঘটনার কিঞ্চিৎপরে ঈশ্বরের অনুগ্রহক্রমে এই মত হইল যে বন্যান্ আত্মপৈতৃক কার্য্যে প্রবৃত্ত হওনার্থে বেদ্‌ফোর্দনামক নগরে যাইয়া বাস করিলেন। সেইস্থানে কোনো এক সময় রৌদ্রেতে আত্মগৃহের দ্বারেতে বসিয়া ঈশ্বরবিষয়ক কথোপকথনকারিণী তিন চারি স্ত্রীর কথোপকথন তিনি দৈবাৎ শুনিলেন তাহাতে তাহারা কি কহিতে ছিল এতদ্বিষয় শ্রবণে উৎকণ্ঠিত ছিলেন কিন্তু ক্ষণেকের মধ্যে অবগত হইলেন যে ঐ স্ত্রীলোকেরদের কথোপকথন আমার বোধগম্য নয়। ঐ স্ত্রী লোকেরা নূতন জন্মবিষয়ে এবং আত্মান্তঃকরণে ঈশ্বরের কার্য্যের সিদ্ধিবিষয়ে এবং তাহারদের স্বাভাবিক দুর্দশাবিষয়ে তাহারা যেপ্রকার নিঃসন্দেহীভূতা হইয়া ছিল এতদ্বিষয়ে এবং য়িশু খ্রীষ্টপ্রযুক্ত আত্মস্নেহদ্বারা ঈশ্বর তাহারদের প্রাণোপরি যে প্রকার দৃষ্টিপাত করিয়াছিলেন এতদ্বিষয়ে এবং তাহারা কিং অঙ্গীকারদ্বারা দুঃখসময়ে এবং শত্রুর পরীক্ষাসময়ে আপ্যায়িতা এবং সান্ত্বিতা এবং উদ্বাহিতা হইয়াছিল এতদ্বিষয়ে কথোপকথন করিতে ছিল। তদ্ভিন্ন তাহারা আপনারদের অন্তঃকরণের দুষ্টতা বিষয়ে এবং আপনারদের অপ্রত্যয়বিষয়ে এবং ঈশ্বরের সাক্ষাৎ আমারদিগের যথার্থীভূতা করণে অক্ষমা এতজ্জন্যে আপনারদের সুক্রিয়া এবং ধর্ম্ম পরিত্যাগবিষয়ে কথোপকথন করিতে ছিল। ঐ সমস্ত বাক্য তাহারা ধর্ম্মপুস্তকের বাক্যানুসারে এবং খ্রীষ্টীয়ানের আহ্লাদবিশিষ্ট চিত্তানুসারে এমত শিষ্টারূপে কহিল যে বন্যান্ ভাবিল আমি এক নূতন সংসারে আসিয়া পহুঁছিয়াছি।

কথিত কথোপকথনেতে বন্যানের অনেক উপকার দেখিল বি শেষতঃ তিনি দেখিতে পাইলেন যে পূর্ব্বে আমি আত্মপ্রতি মমতা পূর্ব্বক যেমত ভাবিয়াছিলাম সেমত আমার অবস্থা শুভা নয় এবং ধর্ম্মবিষয়ে আমার তাবদালোচনাতে নূতনজন্ম বলিয়া যে এক গূঢ় বিষয় তাহা আমার মনেতে কখন উপস্থিত হয় নাই ঈশ্বরের অঙ্গীকারেতে আমি কখনো সান্ত্বনা পাই নাই আপনার মনের গুপ্তকল্পনাতে মনোযোগ না দেওনপ্রযুক্ত আমি আপনার অন্তঃ করণের পীড়া অবগত নই এবং শয়তানের পরীক্ষাবিষয়ে এবং তৎপরীক্ষানিবারণবিষয়ে আমি কিছু অবগত নই। অতএব অধিক জ্ঞানার্থে তিনি ঐ স্ত্রীলোকেরদের সম্ভাষ চেষ্টা করিলেন তাহাতে ধর্ম্মবিষয়ক জ্ঞানবর্দ্ধনবিষয়ে তাঁহার চিত্ত অতিশয় প্র বিষ্ট হইতে লাগিল এবং তাঁহার তাবদন্তঃকরণ অনন্তবিষয়ে এই মত দৃঢ়স্থায়ি হইল যে পরেতে তিনি অনেকবার আপনার চিত্ত শারীরিকবিষয়ে চ্যুত করিয়া স্বর্গীয়বিষয়ে প্রবৃত্তিজন্মাওনে যেমন কঠিন জ্ঞান করিয়াছিলেন তেমন তখন স্বর্গীয়বিষয়ে চ্যুত করিয়া ঐহিকবিষয়ে প্রবৃত্তি জন্মাওনে কঠিন জ্ঞান করিলেন।

ঐ অবধি করিয়া তিনি ধর্ম্মপুস্তক নূতন চক্ষু দিয়া পাঠ করি তে লাগিলেন বিশেষতঃ পাউলকর্ত্তৃক রচিতপত্র। ঐ পত্রপাঠে তে পূর্ব্বেতে তিনি কোনো সৌন্দর্য্য দেখিলেন না কিন্তু এইক্ষণে ঐ পত্রপাঠ তাঁহার প্রতি অতিরমণীয় এবং মনোহর ছিল। ঐ পত্রেতে এইক্ষণে তৎকর্ত্তৃক বাঞ্ছিত এবং অতিশয় প্রয়োজনার্হ জগত্ত্রাতা বিস্তারিতরূপে প্রকাশিত ছিলেন তাহাতে ধর্ম্মপুস্তক বিষয়ক জ্ঞানোৎপন্নার্থে পাঠ এবং অনুশীলন এবং প্রার্থনা তাঁহার অতিরমণীয় কার্য্য হইল।

কথিত অবস্থায় ঈশ্বরের এবং মনুষ্যের অন্তঃকরণের প্রধান বৈরির আত্মপরীক্ষা ব্যবহার করণের উত্তম সময় ছিল। ঐ বৈ রির এক প্রধানপরীক্ষা এই আমি মনোনীত হইয়াছি কি না

ঐ প্রশ্ন সেই সময় বন্যানের অন্তঃকরণে এই মত কঠিন এবং প্রয়োজনার্হ বোধ হইল যে তিনি কি করিবেন ইহার কিছুই নির্ণয় করিতে পারিলেন না। ঐ সময়ে তিনি অবগত ছিলেন না যে দ্বিতীয় পিতরের প্রথম পর্ব্বের ১০ পদে নির্ণীত বক্ষ্যমাণবাক্য বিশেষতঃ আমারদের আহ্বান এবং মনোনীতত্ব স্থির স্থাপনার্থে আমারদের তাবন্মনোযোগ দেওয়া উচিত অর্থাৎ আমরা অনুগ্রহকর্ত্তৃক নিশ্চয় আহূত হইয়াছি কি না এবং তৎপ্রযুক্ত আমরা ঈশ্বরকর্ত্তৃক মনোনীত হইয়াছি কি না ইহা স্থিরাস্থিরবিষয়ে আমারদের বিবেচনা করা উপযুক্ত। কিন্তু ঈশ্বরের অনুগ্রহে তিনি ধর্ম্মপুস্তকেতে লিখিত বক্ষ্যমাণ বাক্যদ্বারা অর্থাৎ পূর্ব্বকালীন বংশ্যেরদের প্রতি দৃষ্টি করিয়া দেখ ঈশ্বরেতে কেহ প্রত্যয় করিয়া হতপ্রত্যয় হইয়াছে কি না এই বাক্য আপনার বিষয়ে ব্যবহার করণদ্বারা তিনি তৎপরীক্ষাহইতে মুক্ত হইলেন। কেহ যদি তাহাকে কহিত ধর্ম্মপুস্তকের আদিপুস্তকাবধি আরম্ভ করিয়া প্রকাশিতনামক পুস্তকের শেষপর্য্যন্ত পাঠানন্তর আলোচনা করিয়া দেখ যে তন্মধ্যে নির্ণীত ঈশ্বরে প্রত্যয়কারি কোনো কেহ হতপ্রত্যয় হইয়াছে কি না এবং ঈশ্বরেতে প্রত্যয়কারি কোনো কাহারো যদি অপচয় হয় নাই তবে মনোনীতত্ব যে এক গোপনীয় বিষয় তদ্বিষয়ে ব্যস্ত না হইয়া ঈশ্বরেতে তোমার প্রত্যয় করা কর্ত্তব্য।

অপর বন্যানের মন বারম্বার ব্যস্তকারি অন্য এক প্রশ্নবিষয়ক আর এক মহাপরীক্ষা উপস্থিতা হইল বিশেষতঃ মনুষ্য যদি প্রত্যয়েতে ন্যূন হয় তবে কি এবং প্রত্যয় আছে কি না আছে এতদ্বিষয় কিরূপে অবগত হওয়া যায়। কিন্তু তিনি ঐ সময় অবগত ছিলেন না যে প্রত্যয় আত্মোৎপন্ন ফলদ্বারা অর্থাৎ প্রেম এবং অধীনত্বদ্বারা পরীক্ষা করিতেন কিন্তু পরীক্ষিত হইয়া ভাবিলেন যে কোনো আশ্চর্য্যক্রিয়া করিতে পারিলে তাহাই তাহার

প্রমাণ হইবে। তাহাতে আশ্চর্য্যকার্য্য করণে সমর্থ হওনার্থে আমারদের প্রভুর পরাক্রমেতে আশ্চর্য্য প্রত্যয়বিশিষ্ট প্রেরিতেরদের প্রতি বক্ষ্যমাণ উক্ত বাক্য অনবগতপ্রযুক্ত তিনি এতদ্রূপ আশ্চর্য্যকার্য্য করণে বাঞ্ছা করিলেন বিশেষতঃ শর্ষার এক দানার সদৃশ তোমারদের প্রত্যয় থাকিলে তোমরা যদি এই পর্ব্বতকে কহ এই স্থানহইতে অমুক স্থানে চালিত হও তবে তাহা সরিয়া যাইবে এবং কোনো কিছু তোমারদের অসাধ্য হইবে না। মাতিউর সত্তের পর্ব্ব ২০ পদ পাঠ করিয়া দেখুন। ধর্ম্ম পুস্তকের ঐ বাক্যেতে তিনি ভাবিলেন যে আমি প্রত্যয়দ্বারা কি করিতে পারি ইহা আমার দেখা কর্ত্তব্য অতএব কোনো এক সময় এলষ্টো নামে নগরহইতে বেদ্‌ফোর্দনামক নগরে গমনসময়ে শুষ্ক হও এই বাক্য রাজমার্গস্থ কতকগুলিন ক্ষুদ্র২ জলাশয়ের প্রতি কথনে উদ্যুক্ত হইয়া ছিলেন কিন্তু ঐ বাক্য উক্তি করিবেন ইতোমধ্যে বক্ষ্যমাণ বিষয় তাঁহার মনে উপস্থিত হইল ঈশ্বর যে তোমাকে পারক করেন এতজ্জন্যে প্রথমতঃ প্রার্থনা কর ঐ বাক্যেতে অনুমান হয় যে তিনি দেখিলেন আমি ধর্ম্মপুস্তকের বাক্য দ্বারা তদ্রূপ কার্য্য করণে সাহায্যপ্রার্থনা করণে অনুমতি প্রাপ্ত হই নাই অতএব আপনার প্রত্যয়ের পরীক্ষা লওনেও অনুমতি নাই তাহাতে তিনি তদ্রূপ ব্যর্থকার্য্য করণে ক্ষান্ত হইলেন।

ঐ বন্যান্‌কে অতিশয় বলবত্তররূপে আক্রমণকারি বক্ষ্যমাণ বাক্য এক মহাপরীক্ষার বিষয় ছিল যে অনুগ্রহের দিবস যদি অতীত হইয়া বহিয়া যাইয়া থাকে তবে কি এবং তৎপরীক্ষাজনিত দুঃখ বর্দ্ধনার্থে পরীক্ষাকর্ত্তা তাঁহার প্রবৃত্তি লওয়াইল যে বেদ্‌ফোর্দ নগরস্থ তাবদ্ভদ্রলোকেরা মনে পরাবৃত্তপ্রযুক্ত ঈশ্বর এই অঞ্চলস্থ অন্য কোনো কাহার পরিত্রাণ করিবেন না অতএব সে য়িশাহের মত গৌণে আসিয়া উপস্থিত হইয়াছিল যেহেতুক তাহারা পূর্ব্বে আশীর্ব্বাদপ্রাপ্ত হইয়া চলিয়া গিয়াছে। কিন্তু ঐ বাক্যানুশীলন

করণেতে বহুকালযাপনানন্তর তিনি লূকের চতুর্দশ পর্ব্বের ২৩ এবং ২৪ পদেতে লিখিত কুশলদায়ক বাক্যেতে অনেক সান্ত্বনা পাইলেন বিশেষতঃ আমার বাটী যাহাতে পরিপূর্ণ হয় এতজ্জন্যে তাহারদিগকে বলদ্বারা প্রবেশ করাও এবং এখনও স্থান আছে।

কথিত পরীক্ষাভিন্ন বন্যান্ অন্যং অনেক পরীক্ষাকর্ত্তৃক উপ দ্রুত হইয়াছিলেন ঐ সকল পরীক্ষা প্রধানপাপির প্রতি অনু গ্রহের সীমা নাই এতন্নামে ঐ বন্যান্কর্ত্তৃক রচিত এক গ্রন্থ পাঠ করিলে পাঠকেরা অবগত হইতে পারেন। কিন্তু পরী ক্ষাহইতে ধার্ম্মিকেরদিগকে নিস্তার করণে ক্ষমতাবান্ ঈশ্বর ঐ বন্যান্কে আপনার ভাবং পারত্রিক দুঃখহইতে মুক্ত করণে অনু গ্রহ করিয়া প্রত্যয়দ্বারা তাঁহার মনকে আহ্লাদেতে এবং কুশ লেতে পরিপূর্ণ করিয়া মুক্তস্থানে তাহাকে দাঁড় করাইলেন। সান্ত্বনাকর্ত্তা ধর্ম্মাত্মার আশীর্ব্বাদে মঙ্গলক্রমে ঘটিত কথিত বি ষয়সহকারে ধর্ম্মাচরণেতে নিপুণ খ্রীষ্টীয়ানেরদের সহিত তাঁ হার কথোপকথন এবং বেদ্ফোর্দনামক ধর্ম্মশালার গিফ্ফর্দ নামক উপদেশকের উত্তম উপদেশ তাঁহার প্রতি অতিফলোৎপা দক ছিল বিশেষতঃ হে আমার প্রিয়ে দেখুন আপনি অতিসৌন্দ র্য্যবিশিষ্টা দেখুন আপনি অতিসৌন্দর্য্যবিশিষ্টা শলমনের গী তের চতুর্থ পর্ব্বের প্রথম পদে লিখিত এতদ্বাক্য ধরিয়া তিনি যে উপদেশ দিয়াছিলেন তাহাতে তাঁহার অনেক উপকার হইয়া ছিল।

পূর্ব্বোক্ত বেদ্ফোর্দ নগরস্থ মণ্ডলীতে ঐ বন্যান্ সাতাইশ বৎসরবয়স্ক হইয়া ১৬৫৫ শালে গৃহীত হইলেন। তাঁহার স্বাভাবিক ব্যুৎপত্তিপ্রযুক্ত এবং তিনি অনুগ্রহের এক প্রধান পাত্রপ্রযুক্ত এবং তাঁহার অদ্ভুত পরীক্ষাপ্রযুক্ত অন্য লোকে হঠাৎ ভাবিল যে ইনি উত্তম উপদেশক হইবেন। অতএব তাঁহার মনশ্চেতনের পরে পাঁচ ছয় বৎসর গত হইল ইতো

মধ্যে ধর্ম্মবিষয়ে তাঁহার কোনো এক বন্ধু সভামধ্যে গুপ্তরূপে উপদেশ দেওনে তাঁহার চিত্ত লওয়াইলেন ঐ উপদেশ তিনি অত্যসম্মতিপূর্ব্বক দিলেন কিন্তু তাহা সকলের প্রতি অতিগ্রাহ্য হইয়াছিল। তাহার পরে তিনি অন্যং ক্ষুদ্র গ্রামেতে আর প্রকাশরূপে উপদেশ দিতে আরম্ভ করিলেন পরে মণ্ডলীর প্রার্থনাপূর্ব্বক এবং উপবাস এবং প্রার্থনাদ্বারা তিনি ঈশ্বরের বাক্য ব্যক্তরূপে প্রচার করণের নিমিত্তে মনোনীত হইয়াছিলেন তাহাতে স্বভাবতঃ ঐ প্রকার লোকের উপদেশবাক্য শ্রবণার্থে অনেকে আসিয়া উপস্থিত হইতে লাগিল এবং ত্বরায় তিনি অবগত হইলেন যে ঈশ্বরের কৃপায় আমার শ্রম ব্যর্থ নয়। প্রথমতঃ তাঁহার অসম্মতি এবং সব্রীড়তা এই মত অতিশয় ছিল যে ঈশ্বর তাঁহার দ্বারা পাপিলোকেরদের অন্তঃকরণ যে লওয়াইবেন ইহা তাঁহার অপ্রত্যয়ের ভূমি ছিল কিন্তু তাঁহার উপদেশেতে অনেক ফলোৎপন্নপ্রযুক্ত তিনি ক্রমশঃ সাহস কুলাইলেন। উপদেশ কার্য্যে তাঁহার পর্য্যালোকন এবং ধারা সর্ব্বকর্তৃক জ্ঞানীয় এবং আচরণীয়। নষ্ট হয় এমত পাপিলোকেরদের জন্যে ঈশ্বর তাঁহার অন্তঃকরণে অনেক দয়া জন্মাইলেন তাহাতে তিনি পাপিলোকেরদের মন যে সচেতন করেন ঈশ্বরের এই মত বাক্য অন্বেষণবিষয়ে বহুমনোযোগ দিয়া ধর্ম্মগ্রন্থানুশীলন করিলেন। তিনি আপনি কহেন যে ঈশ্বরের বাক্য যে স্থানে পাপিলোকেরদের সহিত আরম্ভ করে সেই স্থানে আমিও আরম্ভ করি বিশেষতঃ সর্ব্বপ্রাণিকে দূষ্য করি এবং প্রকাশরূপে ব্যাখ্যা করিয়া প্রমাণ দি যে পাপনিমিত্তে মনুষ্য এই জগতে উপস্থিত হবামাত্রেতে ব্যবস্থাদ্বারা ঈশ্বরের শাঁপ তাহাকে অধিকার করিয়া সর্ব্বপ্রাণিকে আক্রমণ করে। কিন্তু এই বাক্যমাত্রেতে তিনি ক্ষান্ত হইলেন না তিনি আপনার তাবৎপদবিষয়ে এবং সম্পর্কবিষয়ে খ্রীষ্টকে প্রকাশ করণে এবং ঐহিকলোকেরা যদুপরি নির্ভর করিয়া নষ্ট

হয় ঐমত ব্যর্থ নির্ভরভূমিসমস্তকে দূষী করণে বহুমনোযোগ দিলেন। অধিক কি কহিব তাঁহার স্নেহ এবং উত্তাপ এইমত ছিল যে তিনি আপনার উপদেশকার্য্য সম্পূর্ণবিষয়ে নিবারিত না হন বরং মৃত্যু মনোনীত করিলেন। তৎকালীন অধ্যাপক এবং পুরোহিতেরা তাঁহার অনেক বিপক্ষতা করিয়া তিরস্কার করিল কিন্তু কার্য্যে তাঁহার এত ফল উৎপন্ন হইল যে তিনি কহিতেন আগামিকালে যখন ইহারা তাহারদের সাক্ষাৎ আমার বেতন হওনার্থে দাঁড়াইবে তখন ইহারাই আমার জন্যে উত্তর দিবে। আদি পুস্তকের ত্রিংশৎ পর্ব্ব ৩৩ পদ পাঠ করুন।

উপদেশকার্য্যে তাঁহার তদ্রূপ সফলতা দেখিয়া শয়তান এবং তাহার অনুষঙ্গী যে তদ্রূপ সফলতাবিশিষ্টোপদেশের নিবারণে যথেষ্ট শত্রুতা উৎপন্না না করে ইহা ভাবা অনুচিত। তিনি ধর্ম্মোপদেশকবৎ পাঁচ বৎসর যাপন করণান্তর বেদ্‌ফোর্দনামক পরগণাস্থিত হার্লিংতন্‌নামক নগরস্থ শাম্‌সেল্‌নামক গ্রামে ১৬৬০ শালে নবেম্বর মাসের ১২ তারিখে কোনো আত্মীয়লোক কর্তৃক ধর্ম্মোপদেশ দেওনার্থে প্রার্থিত হওয়াতে উইন্‌গেট্‌নামক এক জন বিচারকর্ত্তা তাহাকে নিবারণ করণার্থে এক জন পেয়াদা পাঠাইয়া দিল। তথাপি তিনি ধর্ম্মোপদেশকার্য্য ত্যাগ করিলেন না তাহাতে তৎপর দিবস প্রভাতে তিনি ব্যবস্থানে বিচারকর্ত্তার সাক্ষাৎ আনীত হইয়াছিলেন এবং যে সময় ডাক পড়ে সেই সময় উপস্থিত হইব ইহার জামিন দিতে চাহিলেন কিন্তু বন্যান্‌ যে ইহার পরে পথেঘাটে ধর্ম্মোপদেশ না করে এই বিষয়ে বদ্ধ হওনে ঐ জামিন অসম্মতপ্রযুক্ত তিনি বেদ্‌ফোর্দনগরস্থ কারাগৃহে বদ্ধ হইলেন।

অপর সভ্যেরদের সভাস্থানে উপবিষ্ট হওন সময় উপস্থিত হইলে তাঁহার বিচার হইল। তাঁহার অপবাদপত্র বিশেষিয়া কহি বেদ্‌ফোর্দনগরবাসি জান্‌ বন্যান্‌নামক ইতরলোক অতিশয়

দুষ্টতা এবং শয়তান স্বভাবপূর্ব্বক ধর্ম্মোপদেশ শ্রবণার্থে রাজস্থাপিত ধর্ম্মশালাস্থ আসন ত্যাগ করিয়া রাজ্যের উত্তম প্রজারদের হানিপূর্ব্বক এবং আমারদের প্রভুমহারাজের ব্যবস্থা ইত্যাদির প্রতিকূলে ব্যবস্থাতোষণীয়া কতকগুলিন গুপ্তসভা ইত্যাদির উদ্বর্দ্ধক হইয়াছে ইতি। ঐ অতিতুচ্ছনীয়া অপবাদের বাক্য প্রমাণ হইল না এবং তাঁহার প্রতিকূলে কোনো সাক্ষী ছিল না কিন্তু তিনি যে রাজমতান্তরাবলম্বী ছিলেন এবং প্রার্থনার্থক এবং উপদেশার্থক কতকগুলিন সভাতে গিয়াছিলেন এতদ্বিষয় জ্ঞাপক কতকগুলিন বাক্য বিচারকর্ত্তারদের সাক্ষাৎ তৎকর্ত্তৃক হঠাৎ উক্তপ্রযুক্ত ঐ বিচারকর্ত্তারা তাঁহাকে ধরিয়া দোষি করিয়া তাঁহার দণ্ড স্থির করিলেন। পরে কিলিং নামক প্রধান বিচারকর্ত্তা বন্যান্‌কে কহিলেন তোর দণ্ড অবগত হও তোর এই স্থানহইতে পুনর্ব্বার কারাগৃহে যাইতে হইবে সেই স্থানে তিন মাস থাকিয়া তদন্তর ধর্ম্মোপদেশ শ্রবণার্থে রাজস্থাপিতধর্ম্মশালায় গমনে সম্মত না হইলে এবং আপনার উপদেশ করণ ত্যাগ না করিলে এতদ্দেশ হইতে ভ্রষ্ট হইবি এবং দেশত্যাগ করিয়া যাওন নিরূপিত দিবসের পর তোরে যদি কেহ দেশমধ্যে পায় তবে গলদ্বারা তোর লট্‌কিতে হইবে ইহা আমি স্পষ্টরূপে বলিয়া দিতেছি ইহা কহিয়া তাহাকে লইয়া যাইতে ঐ বিচারকর্ত্তা কারাগৃহরক্ষককে আজ্ঞা দিলেন।

অপর বার সপ্তাহ কারাগৃহে বদ্ধ হইলে পর তুমি আর গুপ্ত মণ্ডলী একত্র করিবা না এবং আগামি বিচারসময় বিচার্য্য হওনে সম্মত হও এই পরামর্শ দিয়া বিচারকর্ত্তারা তাঁহার নিকটে এক জন প্রতিনিধি পাঠাইয়া দিলেন কিন্তু তদ্রূপ অঙ্গীকার করণে তিনি কোনো কিছুতে পরাস্ত হইলেন না অতএব ১৬৬১ শালের আগস্ত মাসের বিচারসময়পর্য্যন্ত কারাগৃহে বদ্ধ হইলেন।

অপর তাঁহার স্ত্রীকর্ত্তৃক অনেক নিবেদনপত্র বিচারকর্ত্তারদের স্থানে দত্ত হইয়াছিল। উপবিচারকর্ত্তারা বন্যানের কার্য্যে অনেক অশ্রদ্ধা জন্মাওনেতে চেস্তরনামক এবং ত্বিস্‌দন্‌নামক প্রধান বিচারকর্ত্তারা তাহার প্রতি অতিনিষ্ঠুরতাপূর্ব্বক আচরণ করিলেন কিন্তু সর মাতিউ হেল্‌নামক এক জন প্রধান বিচারকর্ত্তা তাঁহার স্ত্রীর প্রতি অতিদয়া করিলেন তাঁহার আচরণদ্বারা বোধ হয় যে বন্যানের বিষয় তিনি কিছু অবগত ছিলেন না কিন্তু তাঁহার নিকটে যদি তাঁহার বিষয় উপস্থিত হইত তবে তিনি তাঁহার উপকার করণে বাঞ্ছা দর্শাইতেন। তিনি বন্যানের স্ত্রীকে কহিলেন তুমি রাজার নিকটে নিবেদন কর বা তাহার দোষক্ষমা প্রার্থনা কর বা বিচারে দোষ হইয়াছে এই প্রকার নিবেদন কর কিন্তু শেষ উপায় উত্তম ইহা কহিলেন। কিন্তু বন্যান্ এবং তাঁহার সহায়েরা অতিশয় দরিদ্রপ্রযুক্ত বা তদ্বিষয়ে অনভিজ্ঞপ্রযুক্ত তাঁহার মুক্তিবিষয়ে প্রয়োজনীয় চেষ্টা করণে অক্ষম ছিল। ঐ সময় এবং তৎপর বিচারসময় উপস্থিতাভ্যন্তরকালে কারাগৃহরক্ষক কথনোং বন্যান্‌কে বাহিরে যাইতে দিত এবং একবার আপনার বন্ধুবান্ধবেরদের দর্শনার্থে লণ্ডন্‌নগরে যাইতে দিত কিন্তু তাহাতে কারাগৃহরক্ষকের বহু আপদ্ হইয়াছিল অতএব পরে তিনি আরও অতিসাবধানপূর্ব্বক বদ্ধ হইলেন। ঐ প্রকার তিনি অতিনিষ্ঠুরতাপূর্ব্বক এবং অত্যব্যবস্থাপূর্ব্বক বার বৎসরের অধিক কারাগৃহে বদ্ধ ছিলেন।

কারাগৃহে বদ্ধ কথিত বহুকালসময়ে জান্ বন্যান্ আত্মপ্রাণ বহুসহিষ্ণুতাপূর্ব্বক ধারণ করিলেন এবং ঈশ্বর তাঁহার প্রতি অতিশয় দয়ালু ছিলেন। তিনি আপনি কহিয়াছেন যে কারাগৃহস্থ সময়ে আমি ঈশ্বরের ধর্ম্মপুস্তকবিষয়ে যত অবগত হইয়াছি তত যাবদ্বয়সে হই নাই। ঐ স্থানে ঈশ্বরের সহিত তাঁহার অনেক ইষ্ট সদ্ভাব হইয়াছিল এবং আমার পাপ ক্ষমা হইয়াছে

এতদ্বিষয়ে তিনি অনেক শুভ প্রদর্শন এবং অনন্তসুখের অনেক পূর্ব্বাশ্বাস পাইয়াছিলেন। দুঃখগুস্তা তাঁহার স্ত্রী এবং সন্ততিরা কখনোং তাঁহার মনে অতিশয় দুঃখের বিষয় ছিল বিশেষতঃ সন্ততিচতুষ্টয়ের মধ্যে অন্ধ এক জন। ঐ বন্যান্ স্নেহেতে অতিশয় আক্রান্ত ছিলেন বিশেষতঃ তিনি অতিকোমলান্তঃকরণ স্বামী এবং অতিশয় দয়ালু পিতা ছিলেন। কিন্তু তাঁহার তাবদ্দুঃখেতে তিনি ধর্ম্মগুন্থে লিখিত দুই বাক্যেতে সান্ত্বিত ছিলেন বিশেষতঃ আপনার পিতৃহীন সন্ততিরদিগকে ছাড়িয়া যাও আমি তাহারদিগকে সজীবে সুরক্ষণ করিব এবং তোমার বিধবারা আমারে ভরসা রাখুক। য়িহুহ কহিয়াছেন নিশ্চয় তোমার অবশিষ্টেরদের মঙ্গল হইবে অমঙ্গলসময়ে আমি নিশ্চয় শত্রুকে তোমার পুতি অতিশুভাচরণ করাইব। য়িরিমিয়াহু আচার্য্যের ঊনপঞ্চাশ পর্ব্বের ১১ পদ এবং পনর পর্ব্বের ১১ পদ পাঠ করিয়া দেখুন।

কথিত বহুদীর্ঘ নিষ্ঠুরাচার প্রাপ্ত বদ্ধকাল ব্যাপিয়া ঐ বন্যান্ অলস ছিলেন না তিনি ধর্ম্মপুস্তক অতিশয়মনোযোগপূর্ব্বক অনুশীলন করিতেন। ঐ ধর্ম্মগুন্থ এবং ধর্ম্মসাক্ষ্যদত্তপ্রাণিরদের বিবরণগুন্থমাত্র অন্য কোনো গুন্থ তাঁহার নিকটে ছিল না। তদ্ভিন্ন তিনি আপনার হস্তদ্বারা এক পুকার ফিতা নির্ম্মাণ করিয়া আপনার দীনহীন গৃহস্থেরদের উপকার করিতেন ঐ কার্য্য তিনি কারাগৃহে শিক্ষা করিলেন।

তদ্ভিন্ন কারাগৃহ গমনানুমতি প্রাপ্তেরদের নিকটে ধর্ম্মোপদেশ করণদ্বারা তিনি আরো অধিক উপকারপূর্ব্বক কাল যাপন করিলেন তাঁহার ঐ সমস্ত উপদেশ এই মত শক্তিপূর্ব্বক ছিল যে তাঁহার শ্রোতারা আশ্চর্য্য জ্ঞান করিত। কারাগৃহে বদ্ধ সময়ে তাঁহার অনেক অতিশিষ্ট সহায় ছিল যেহেতুক ফ্লিলর এবং দন্নামক তদ্দেশীয় অতিখ্যাত্যাপন্ন উপদেশকদ্বয় এবং রাজম

তান্তরমতাবলম্বী ৬০ জন কাইষ্টোনামক নগরে এক ধর্ম্ম সভাতে বর্ত্তমানপ্রযুক্ত তাঁহার সহিত কারাগৃহে বদ্ধ ছিলেন।

কিন্তু সে সকল যাহা হউক ঐ কারাগৃহে বন্যান্ অনেক লাভোৎপাদক গুন্থ রচনা করিলেন বিশেষতঃ যাত্রাগুসরণনামক গুন্থ। ঐ গুন্থ অনুমান হয় ধর্ম্মগুন্থ ছাড়া অন্য সমস্ত গুন্থাপেক্ষা মঙ্গল দায়ক হইয়াছে এবং ঐ গুন্থ রচনাতে অনুমান হয় যে যদি তিনি অনিবার্য্যরূপে ধর্ম্মোপদেশ করিতে পারিতেন তবে তদধিক ব্যক্ত রূপে ফলবান হইতেন না।

অবশেষে সর্ব্বপ্রাণির অন্তঃকরণ আত্মবশে রক্ষাকারি ঈশ্বর তাঁহার অত্যসঙ্গত দুঃখবিষয়ে এবং তাঁহার মুক্তিবিষয়ে উদ্যোগ করণে তৎকালীন লিঙ্কন্নগরস্থ বার্লো নামে ধর্ম্মাধ্যক্ষের এবং রাজস্থাপিত মতাবলম্বী অন্যং কতগুলিন লোকেরদের প্রবৃত্তি লওয়াইলেন তাহাতে তাহারা বহু সুখ্যাতিযোগ্য ছিল।

পরে তিনি ঐ কারাগৃহহইতে মুক্ত হইলে তাহার সচেতন চিত্ত তন্মুক্তিতে ক্ষণেকের মধ্যে বহুফল দর্শাইল। তিনি নানা স্থানে ঈশ্বরের লোকেরদের নিকটে গমনাগমন করিতেন বিশেষতঃ পীড়াগ্রস্তেরদের এবং পরীক্ষিতেরদের এবং তাড়িতেরদের স্থানে এবং ঐ লোকেরদের নিকটে শুভপূর্ব্বক কথোপকথনে তিনি এইক্ষণে অত্যুপযুক্ত লোক ছিলেন। তদ্ভিন্ন তিনি অবকাশানুক্রমে কারাগৃহে তাঁহার উপকারি বন্ধুবান্ধবেরদের স্থানে যাইয়া প্রাপ্তোপকারস্বীকার করিতেন এবং রাজ্যের ব্যবস্থা প্রতিকূলা হইলেও তিনি অবকাশক্রমে নির্ভয়পূর্ব্বক মঙ্গলসমাচার প্রকাশ করিতেন।

বন্যানের কারাগৃহে বদ্ধ হওনের শেষ বৎসরে বেদ্ফোর্দনামক নগরস্থ মণ্ডলীরক্ষকের মৃত্যু হওয়াতে বন্যান্ তৎপদে নিযুক্ত হইলেন। ঐ লোকেরদের নিকটে এবং অন্যং স্থানস্থ অন্যং

লোকেরদের নিকটে ১৬৮৭ শালে দ্বিতীয় জেম্সকর্ত্তৃক রাজমতান্তর মতাবলম্বিরদের প্রতি ধর্ম্মবিষয়ে অনিবার্য্যতা যাবৎ প্রচার না হইল তাবৎ অবকাশক্রমে তিনি ধর্ম্মোপদেশ করিতেন। রাজ্যাপিতমতসম্মত অন্যং অনেকের সহিত ঐ বন্যান্ও উত্তমরূপে অবগত ছিলেন যে রাজার ঐ অনুমতি রাজমতান্তরমতাবলম্বিরদের প্রতি মর্য্যাদাপ্রযুক্ত নয় যেহেতুক ঐ রাজার ভাবদাচারের মূল ধর্ম্ম বিষয়কসহিষ্ণুতার প্রতিকূল ছিল কিন্তু অধিক সহজরূপে এবং দৃঢ়রূপে পাপার মত স্থাপনার্থে রাজা অতিশয় আকাঙ্খী ছিলেন॥ পরে মনের অনিবার্য্যতা যে ঈশ্বরের আজ্ঞায় প্রতিলোকের জন্মস্বত্ত্ব ইহা বন্যান্ অবগত হইয়া দেয় অনিবার্য্যত্ত্ব গ্রহণে অনিচ্ছুক ছিলেন না। ঐ অবকাশে বন্যানের বন্ধুরা স্বাক্ষরদ্বারা অর্থ সংগ্রহ করিয়া বেদ্ফোর্দ নগরে এক বৃহদ্ধর্ম্মশালা গ্রন্থন করিল ঐ ধর্ম্মশালা প্রস্তুতা হবামাত্রেতে বন্যানের উপদেশ শ্রবণার্থে এত লোক একত্র হইতে লাগিল যে ঐ ধর্ম্মশালা তাহারদের ধারণে অক্ষমা ছিল। কিন্তু ঐ বন্যানের পরিশ্রম কেবল এক স্থানে বাদ্ধ হয় নাই তিনি অবকাশক্রমে অন্যং গ্রামে এবং নগরে ধর্ম্মোপদেশ করিয়া বেড়াইতেন এবং এক দুইবার বৎসরের মধ্যে তিনি লণ্ডন্ নগরে যাইতেন এবং সেই স্থানে অতিখ্যাত্যাপন্ন হইলেন।

কথিত আছে যে মহান এবং অতিশিষ্ট ওএন্নামক তর্কালঙ্কার তাঁহার উপদেশ শুনিতে যাইতেন এবং ধর্ম্মোপদেশ করণবিষয়ে তাঁহার উপকার করিতেন।

বন্যান্ উপদেশ করিবেন এতৎসম্বাদ এক দিবস পূর্ব্বেমাত্র দেওয়া গেলে তিনি যে স্থানে সর্ব্বাপেক্ষা অধিক উপদেশ দিতেন ক্লান্নামক শরাই নিকটস্থ সৌথ্বার্ক্নামক স্থানস্থ সে ধর্ম্মশালায় তাঁহার উপদেশ শ্রবণার্থে যত লোক আসিত তাহার অর্দ্ধেকও ধরিত না। নগরের কোনো দূরস্থানে উপদেশ করিলে তিন সহস্রলোক

তাঁহার উপদেশ শ্রবণার্থে যত্ন হইত এবং কর্ম্মদিবসে শীতঋতু প্রভাতে সাত ঘণ্টাসময়ে তাঁহার উপদেশ শ্রবণার্থে বার শত লোকের ন্যূন কদাচিৎ একত্র হইত।

ঐ বন্যানের কথিত তাবৎ খ্যাত্যাপন্নাবস্থায় এবং সফলতা সময়ে তিনি অতিনম্রান্তঃকরণ ছিলেন এবং আপনার ব্যাখ্যা প্রায় করিতেন না। তাঁহার তাবদাচরণ অতিশিষ্ট তাহাতে দ্বেষ যদি তাহার দোষ অন্বেষণ করে তবে সেও অতিযত্নপূর্ব্বক তত্ত্ব করিলেও তাঁহার আচরণবিষয়ে এক খুঁত পাইতে পারে না।

পরহিতৈষি ঐ বন্যানের শরীর দুঃখকষ্টেতে এবং বার্দ্ধক্যেতে এবং ধর্ম্মোপদেশ করণেতে জীর্ণ হইয়া খ্রীষ্টীয়ানের কর্ত্তব্য এক অতিস্মরণীয় কার্য্যেতে শেষ পাইল। তিনি উভয়পক্ষ ঐক্য কারি নামেতে অতিপ্রসিদ্ধ ছিলেন। অতএব কোনো এক সময়ে বেদ্‌ফোর্দ নগরসমীপবাসি এক যুবলোক আসিয়া প্রার্থনা করিল যে বর্কনামক পরগণাস্থ রিডিংনামক নগরবাসী আমার পিতার এবং আমার মধ্যে মধ্যস্থ হউন মিত্ররূপ ঐ কার্য্য তিনি অত্যাহ্লাদপূর্ব্বক স্বীকার করিয়া মঙ্গলপূর্ব্বক নিষ্পন্ন করিয়াছিলেন কিন্তু লণ্ডন্‌ নগরে প্রত্যাগমনকালে তিনি মহাবৃষ্টিতে ধৃত হইয়া স্নোহিল্‌ নগরস্থ স্টারনামক শরাইতে স্ত্রাদক্‌নামক আত্মবন্ধু এক দোকান্দারের নিকটে ধুরং হইয়া প্রহুঁছিলেন তাহাতে তিনি অতিপ্রবল জ্বরেতে আক্রান্ত হইলেন। আপনাকে ঈশ্বরের ইচ্ছায় অর্পণ করিয়া এবং খ্রীষ্টের সহিত বাস করি এতজ্জন্যে দেহ পরিবর্ত্তনে বাঞ্ছান্বিত হইয়া তিনি ঐ জ্বরব্যথা অতিসহিষ্ণুতাপূর্ব্বক ভোগ করিলেন এবং তাঁহার মন যে সুখদ্বারা প্রত্যাকর্ষিত ছিল এবং তিনি যদ্বিষয়ে তৃষ্ণাতুর ছিলেন তদপেক্ষা তিনি জীবনকে গৌণস্বরূপ গণ্য করিলেন। অপর কথিত রূপে ধৈর্য্যশীল এবং আকাঙ্ক্ষাবিশিষ্ট চিত্ত হইয়া দশ দিবসের

পীড়ার পর ধ্বংসি নগরহইতে স্বর্গীয় যিরূশালমে গমনকারি আত্মকর্তৃক নির্ণীত যাত্রির অনুগামী হইয়া সর্ব্বসুখী আত্মমুক্তি কারির হস্তে আপনার প্রাণ অর্পণ করিলেন। তিনি আটষষ্টি বৎসরবয়স্ক হইয়া ১৬৮৮ শালে আগস্ত মাসের ৩১ তারিখে মরিয়া মোরস্‌ফিল্‌ড্‌নামক স্থানস্থিত কাবাজের ভূমিসমীপে রাজমতান্তরমতাবলম্বিরদের গোরস্থানে আত্মীয়লোকের এক কবরেতে গাড়া গেলেন। তাঁহার দুইবার বিবাহ হইয়াছিল প্রথম স্ত্রীতে উৎপন্ন তাঁহার চারি সন্তান ছিল তাহার মধ্যে মারিয়ানাম্নী এক কন্যা অন্ধা ছিল এবং তাঁহার পূর্ব্বে কালপ্রাপ্তা হইল। দ্বিতীয়া স্ত্রীর সহিত ১৬৫৮ শালে তাঁহার বিবাহ হইয়াছিল কিন্তু সে তাঁহার পরে চারি বৎসরমাত্র বাঁচিয়া রহিয়াছিল। তাঁহার গ্রন্থ সমস্ত দুই বৃহদ্গ্রন্থে সংগৃহীত হইয়া হিচিন্ নগরস্থ উইল্সন্ কর্তৃক এবং বেদ্‌ফোর্দ নগরস্থ চান্দ্লরকর্তৃক তৎপরিভাষা সুদ্ধ ১৭৩৬ শালে ছাপা হইয়াছিল। শেষ কথিত চান্দ্লরকর্তৃক রচিত তাঁহার বিবরণহইতে এইবিবরণ প্রায় সমস্ত সংগৃহীত হইয়াছে।

তাঁহার স্বাভাবিকী নিপুণতা অত্যাশ্চর্য্যা মহতী তাঁহার মনের ব্যুৎপত্তি অতিসফলা ও তাঁহার জ্ঞান অতিপ্রখর তীক্ষ্ন এবং তাঁহার স্মরণীয়শক্তি অতিদৃঢ়া ছিল তিনি উপদেশ করণানন্তর সে সমস্ত লিখিয়া রাখিতেন। মঙ্গলসমাচারের গূঢ়বাক্যবিষয়ে তাঁহার বিবেচনা অতিপ্রামানিকী এবং অতিগম্ভীরা ছিল ইহা তাঁহার রচনাতে যথেষ্ট প্রমাণ দেয়। তাঁহার সহিত বাক্যবাদি সকলের গোচরে প্রতি ঈশ্বর তাঁহার নৈষ্ঠিকতা এবং সত্যবাদিতা অতিস্পষ্টা ছিল। তিনি সর্ব্বদা ঈশ্বরাত্মকস্নেহ স্বভাবাবলম্বনে পন করিয়া পুণ্যবালেরদের সহিত পক্ষপাতী না হইয়া সম্ভাষ করিতেন এবং বারম্বার পৃথক্২ মতাবলম্বি খ্রীষ্টীয়ানেরদের উপাধিবিষয়ে এবং মতবিষয়ে বহু দুঃখিত ছিলেন। তিনি সাহায্যেতে অতিশয় বীর্য্যবান্ ছিলেন বিশেষতঃ খ্রীষ্টের জন্যে এবং মঙ্গলসমাচারের

জন্যে তিনি বড় স্থিরচিত্ত ছিলেন এবং প্রকাশ বা গুপ্তরূপে পাপ বিষয়ে অনুযোগ করণে অতিনির্ভয় ছিলেন তথাপি সকলের প্রতি অতিকোমল নম্র এবং মিতাচারী ছিলেন। তিনি কায়েতে দীর্ঘ এবং বড় বলবান কিন্তু বড় স্থূলকায় নয় তাঁহার বদন কিঞ্চিৎ লালবর্ণ তাঁহার চক্ষু কিঞ্চিৎ চক্চকীয় এবং তাঁহার কেশ কিঞ্চিৎ কটা ছিল কিন্তু বার্দ্ধক্যপ্রযুক্ত শেষাবস্থায় কিঞ্চিৎ শুক্লবর্ণ হইল। তাঁহার বদন প্রগল্ভ এবং অতিভারি ছিল তাহাতে তাঁহার অন্তঃকরণের গাম্ভীর্য্য দেখিয়া সাংসারিকেরদের এবং ধর্ম্মহীনেরদের মনেতে সর্ব্বদা আতঙ্ক জন্মিত। কথিতরূপে জীবধারি মনুষ্যের চরিত্র এবং আচার এবং সফলতা ধর্ম্মগ্রন্থের বক্ষ্যমাণ বাক্যে অতিসুস্পষ্টরূপে প্রত্যক্ষ হইয়াছে বিশেষতঃ যে হেতুক হে ভ্রাতারা তোমরা আপনারদের আহ্বান দেখিতেছ যে সংসারের মতানুযায়ি অনেক পণ্ডিত বা অনেক পরাক্রান্ত বা অনেক মহল্লোক আহূত নয় কিন্তু জ্ঞানবানেরদের পরিহানিনিমিত্তে ঈশ্বর এজগতের মূর্খবস্তু মনোনীত করিয়াছেন এবং পরাক্রান্ত বস্তুর পরিহানিনিমিত্তে ঈশ্বর জগতের দুর্ব্বলবস্তু মনোনীত করিয়াছেন তদ্ভিন্ন ঈশ্বর এজগতের নীচবস্তু এবং নিন্দাবস্তু মনোনীত করিয়াছেন এবং বর্ত্তমানবস্তুর পরিহানিজন্যে অবর্ত্তমানবস্তুও মনোনীত করিয়াছেন যে তাঁহার সাক্ষাৎ কোনো প্রাণী শ্লাঘা না করে। প্রথম করিন্থির প্রথম পর্ব্ব ২৬ পদাবধি ২৯ পদ পর্য্যন্ত পাঠ করিয়া দেখুন। ইতি যাত্রানুসরণনামক গ্রন্থ রচনাকর্ত্তার বিবরণ সমাপ্ত।